# অধ্যায় ১

# ব্যাংকিং ও অর্থনীতি

এই অধ্যায়ের অন্তর্ভুক্ত টপিকসমূহ:
বাংলাদেশের ব্যাংকিং খাত, বাংলাদেশের অর্থনীতি, বাংলাদেশের শিল্প ও বাণিজ্য

## বাংলাদেশের ব্যাংকিং খাত
## Banking Sector of Bangladesh

### এক নজরে বাংলাদেশ ব্যাংক [***]

| এক নজরে বাংলাদেশ ব্যাংক | বিবরণ |
|---|---|
| বিশেষত্ব (Specialty) | বাংলাদেশের কেন্দ্রীয় ব্যাংক (Central Bank of Bangladesh) |
| প্রথম গভর্নর (First Governor) | এ. এন. এম. হামিদুল্লাহ (A. N. M. Hamidullah) |
| পূর্বের নাম (Previous Name) | স্টেট ব্যাংক অব পাকিস্তান (State Bank of Pakistan) |
| বর্তমান গভর্নর (Present Governor) | আহসান এইচ. মনসুর (Ahsan H. Mansur); ১৩তম |
| প্রতিষ্ঠা (Established) | ১৬ ডিসেম্বর ১৯৭১ |
| প্রধান কার্যালয় (Head Office) | মতিঝিল, ঢাকা |
| প্রধান কর্মকর্তার পদবি (Designation of Chief Officer) | গভর্নর (Governor) |
| শাখা অফিস (Branch Offices) | ১০টি (প্রধান কার্যালয়সহ) |
| গভর্নরের মেয়াদ (Term of Governor) | ৪ বছর |
| সর্বশেষ শাখা (Last Branch) | ময়মনসিংহ (১৬ জানুয়ারি ২০১৩) |
| গভর্নরের বয়সসীমা (Age Limit of Governor) | কোনো বয়সসীমা নেই (No age limit) |
| পরিচালনা পর্ষদের সদস্য সংখ্যা | ৯ জন |
| বাংলাদেশ ব্যাংক ভবনের স্থপতি (Architect) | শফিউল কাদের (Shafiul Kader) |
| প্রধান অর্থনীতিবিদ (Chief Economist) | মোহাম্মদ আক্তার হোসেন (Mohammad Akhtar Hossain) |
| বাংলাদেশ ব্যাংক ট্রেনিং একাডেমি | মিরপুর, ঢাকা |
| বাংলাদেশ ব্যাংক ভবনে অবস্থিত ভাস্কর্য (Sculpture) | "ঐক্য" (Unity), স্থপতি: হামিদুজ্জামান খান (Hamiduzzaman Khan) |

### বাংলাদেশ ব্যাংকের প্রথম যা কিছু [**]

| প্রথম গভর্নর | প্রথম নারী ডেপুটি গভর্নর | দ্বিতীয় নারী ডেপুটি গভর্নর | প্রথম নারী পরিচালক | প্রথম নারী নির্বাহী পরিচালক |
|---|---|---|---|---|
| A. N. M. Hamidullah | Nazneen Sultana | Nurun Nahar | Hannana Begum | Nazneen Sultana |

### পলিসি রেট ও রিজার্ভ রেশিও [***]

| বিভিন্ন রেট | রেট | রিজার্ভ রেশিও | রেট | |
|---|---|---|---|---|
| | | | SLR | CRR |
| পলিসি রেট (রেপো রেট) [***] | ১০% | প্রথাগত ব্যাংকিং | ১৩% | ৪% |
| এসএলএফ রেট [**] | ১১.৫০% | ইসলামী ব্যাংকিং | ৫.৫% | ৪% |
| এসডিএফ রেট [**] | ৮% | আমানত গ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠান | ৫% | ১.৫% |
| ব্যাংক রেট [***] | ৪% | অ-আমানত গ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠান | ২.৫% | - |

সূত্র: বাংলাদেশ ব্যাংক; আপডেট: ১৫.০৭.২০২৫

## তফসিলী ব্যাংক [***]

| তফসিলী ব্যাংকের ধরন | সংখ্যা | বিবরণ |
|---|---|---|
| রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংক (State-owned Commercial Banks) | ৬ | সোনালী ব্যাংক, জনতা ব্যাংক, অগ্রণী ব্যাংক, রূপালী ব্যাংক, বেসিক ব্যাংক এবং বিডিবিএল (Bangladesh Development Bank PLC) |
| বিশেষায়িত ব্যাংক (Specialized Bank) | ৩ | বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক ও প্রবাসী কল্যাণ ব্যাংক |
| ডিজিটাল ব্যাংক (Digital Bank) | ১ | Nagad Digital Bank PLC (বর্তমানে লাইসেন্স স্থগিত) |
| বেসরকারি বাণিজ্যিক ব্যাংক (PCBs)<br>প্রচলিত বেসরকারি বাণিজ্যিক ব্যাংক (৩৩)<br>ইসলামী শরিয়াভিত্তিক বাণিজ্যিক ব্যাংক (১০) | ৪৩ | প্রথম বেসরকারি বাণিজ্যিক ব্যাংক: AB Bank PLC<br>প্রথম ইসলামী শরিয়াভিত্তিক ব্যাংক: Islami Bank Bangladesh PLC |
| বিদেশি বাণিজ্যিক ব্যাংক (FCBs) | ৯ | বাংলাদেশের প্রথম বিদেশি বাণিজ্যিক ব্যাংক: স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক |
| মোট তফসিলী ব্যাংক (Scheduled Bank) | ৬২ | সর্বশেষ Scheduled ব্যাংক: Nagad Digital Bank PLC |

**বাংলাদেশে মোট তসফিলী ব্যাংকের সংখ্যা ৬২টি।** এর মধ্যে ৫৮টি বাণিজ্যিক ব্যাংক, ৩টি বিশেষায়িত ব্যাংক এবং ১টি ডিজিটাল ব্যাংক রয়েছে।

## অ-তফসিলী ব্যাংক [*]

| আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংক | কর্মসংস্থান ব্যাংক | গ্রামীণ ব্যাংক | জুবিলী ব্যাংক | পল্লী সঞ্চয় ব্যাংক |
|---|---|---|---|---|
| রাষ্ট্র মালিকানাধীন | রাষ্ট্র মালিকানাধীন | বেসরকারি | বেসরকারি | রাষ্ট্র মালিকানাধীন |

## বাংলাদেশের প্রধান ব্যাংকগুলোর গঠন ও বিবর্তন

| ব্যাংকের নাম | বিবরণ |
|---|---|
| বাংলাদেশ ব্যাংক [***] | বাংলাদেশ ব্যাংক আদেশ, ১৯৭২-এর মাধ্যমে ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর প্রতিষ্ঠা লাভ করে বাংলাদেশ ব্যাংক। ১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে জয় লাভের পর বাংলাদেশ সরকার ঢাকায় অবস্থিত State Bank of Pakistan-এর ঢাকা শাখাকে কেন্দ্রীয় ব্যাংকের পূর্ণ দায়িত্ব দেওয়া হয়। শুরুতে স্টেট ব্যাংক অব পাকিস্তানের আদলে 'State Bank of Bangladesh' ও ব্যাংক অব ইংল্যান্ডের আদলে 'Bank of Bangladesh' নাম প্রস্তাব করা হয়। তবে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর নামকরণ করেন 'Bangladesh Bank'। উল্লেখ্য, Bangladesh Bank Order, 1972 (১৯৭২ সালের রাষ্ট্রপতির আদেশ নং ১২৭) এর মাধ্যমে বাংলাদেশ ব্যাংক প্রতিষ্ঠিত হলেও এর কার্যক্রম শুরুর তারিখ ধরা হয় ১৯৭১ এর ১৬ ডিসেম্বর অর্থাৎ বিজয় দিবস থেকে। |
| ব্যাংকের জাতীয়করণ [*] | ১৯৭২ সালের রাষ্ট্রপতির ২৬ নম্বর অধ্যাদেশ বলে এদেশে কার্যরত ১২টি বাণিজ্যিক ব্যাংককে জাতীয়করণ এবং পুনর্বিন্যাসের মাধ্যমে ৬টি বাণিজ্যিক ব্যাংকে রূপ দেয়া হয়। ৬টি ব্যাংক হলো– Agrani Bank, Janata Bank, Rupali Bank, Sonali Bank, Pubali Bank এবং Uttara Bank। তবে বিদেশি ব্যাংকগুলোকে জাতীয়করণের আওতামুক্ত রাখা হয়। এছাড়া তদানীন্তন দু'টি বিশেষায়িত ব্যাংক- পাকিস্তান কৃষি উন্নয়ন ব্যাংক ও শিল্প উন্নয়ন ব্যাংককে যথাক্রমে 'বাংলাদেশ কৃষি ব্যাংক' এবং 'বাংলাদেশ শিল্প ব্যাংক' নামে নামকরণ করা হয়। |
| সোনালী ব্যাংক পিএলসি [***] | বাংলাদেশের সর্ববৃহৎ এবং প্রধান রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংক হলো সোনালী ব্যাংক। বাংলাদেশ ব্যাংক (ন্যাশনালাইজেশন) অর্ডার, ১৯৭২ অনুসারে National Bank of Pakistan, Premier Bank এবং Bank of Bhwalpur নিয়ে Sonali Bank প্রতিষ্ঠা লাভ করে। রাষ্ট্রায়ত্ত ব্যাংকগুলোর মধ্যে সর্বাধিক শাখা রয়েছে সোনালী ব্যাংকের। বর্তমানে ব্যাংকটির মোট শাখার সংখ্যা ১২৩৪টি। |
| রূপালী ব্যাংক পিএলসি | তৎকালীন পূর্ব পাকিস্তানের Muslim Commercial Bank Limited, Australasia Bank Limited এবং Standard Bank-কে একীভূতকরণের মাধ্যমে ২৬ মার্চ ১৯৭২ সালে বাংলাদেশ ব্যাংক (জাতীয়করণ) অর্ডার, ১৯৭২ অনুযায়ী Rupali Bank গঠিত হয়। Rupali Bank ১৩ ডিসেম্বর ১৯৮৬ পর্যন্ত রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংক হিসেবে কাজ করে। এরপর এটি পাবলিক লিমিটেড ব্যাংক হয়ে যায়, যদিও ব্যাংকটির শেয়ারের বেশিরভাগই সরকার রাখে। ১৪ ডিসেম্বর ১৯৮৬ সালে Rupali Bank Limited দেশের বৃহত্তম পাবলিক লিমিটেড ব্যাংক কোম্পানি হিসেবে প্রতিষ্ঠিত হয়। বর্তমানে দেশজুড়ে রূপালী ব্যাংকের ৫৮৬টি |

| | |
|---|---|
| | শাখা রয়েছে। |
| বাংলাদেশ কৃষি ব্যাংক [***] | ১৯৭৩ সালের ২৭ নং রাষ্ট্রপতি আদেশ অনুসারে, জলবায়ু-নির্ভর অনিশ্চিত ও ঝুঁকিপূর্ণ কৃষি খাতে অর্থায়নের জন্য দেশের বৃহত্তম বিশেষায়িত ব্যাংক (Largest Specialized Bank) হিসেবে Bangladesh Krishi Bank (বিকেবি) প্রতিষ্ঠিত হয়। বাংলাদেশ কৃষি ব্যাংক (বিকেবি) বাংলাদেশে কৃষি ঋণের অগ্রদূত। কৃষক, প্রান্তিক কৃষক, অতি দরিদ্র, বর্গা চাষী এবং সাধারন জনগনের জন্য ঋণ সুবিধা দিয়ে থাকে ব্যাংকটি। বর্তমানে Bangladesh Krishi Bank-এর মোট শাখার সংখ্যা ১০৩৮টি। |
| অগ্রণী ব্যাংক পিএলসি [*] | ১৯৭২ সালের বাংলাদেশ ব্যাংক (জাতীয়করণ) আদেশের মাধ্যমে, প্রেসিডেন্টের আদেশ নং ২৬ অনুযায়ী Agrani Bank একটি রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংক হিসেবে প্রতিষ্ঠিত হয়। পূর্ববর্তী Habib Bank Limited এবং Commerce Bank Limited-কে একীভূত করে ব্যাংকটির নামকরণ করা হয় Agrani Bank। |
| জনতা ব্যাংক পিএলসি | ১৯৭২ সালের ব্যাংক জাতীয়করণ আদেশ (প্রেসিডেন্টের আদেশ নং ২৬) অনুযায়ী United Bank Limited এবং Union Bank Limited-কে একীভূত করে জনতা ব্যাংক প্রতিষ্ঠিত হয়। |
| পূবালী ব্যাংক পিএলসি [**] | ১৯৫৯ সালে ব্যাংক কোম্পানি আইন ১৯১৩ এর অধীনে Eastern Mercantile Bank Limited নামে ব্যাংকটির যাত্রা শুরু হয়। ১৯৭২ সালে ব্যাংকটি জাতীয়করণ করা হয় এবং নামকরণ করা হয় Pubali Bank। পরবর্তীতে, ১৯৮৩ সালে ব্যাংকটি পুনরায় বেসরকারিকরণ করা হয় এবং নামকরণ করা হয় Pubali Bank PLC। বর্তমানে Pubali Bank দেশের সর্ববৃহৎ বেসরকারি বাণিজ্যিক ব্যাংক (Private Commercial bank), যার শাখার সংখ্যা ৫০১টি। |
| উত্তরা ব্যাংক পিএলসি [***] | Uttara Bank PLC ১৯৬৫ সালে প্রতিষ্ঠিত হয়। তৎকালীন পূর্ব পাকিস্তানে এর প্রধান কার্যালয় ছিল ঢাকার মতিঝিলে। ব্যাংকটির প্রতিষ্ঠাকালীন নাম (পূর্বনাম) ছিল ইস্টার্ন ব্যাংকিং কর্পোরেশন (Eastern Banking Corporation)। ১৯৭২ সালের বাংলাদেশ ব্যাংক (জাতীয়করণ) অর্ডারের মাধ্যমে ব্যাংকটি জাতীয়করণ (Nationalized) করা হয় এবং নামকরণ করা হয় Uttara Bank। এরপর ১৫ সেপ্টেম্বর ১৯৮৩ সালে Uttara Bank একটি প্রাইভেট লিমিটেড ব্যাংকে পরিণত হয়। এটি বাংলাদেশের প্রথম বেসরকারিকৃত ব্যাংক (First Privatized Bank)। |
| বাংলাদেশ ডেভোলপমেন্ট ব্যাংক পিএলসি [***] | Bangladesh Shilpa Bank (BSB) ও Bangladesh Shilpa Rin Sangstha (BSRS)-কে একীভূত করে গঠন করা হয় বাংলাদেশ ডেভোলপমেন্ট ব্যাংক। রাষ্ট্রায়ত্ত ব্যাংক হিসেবে ২০১০ সালের ৩ জানুয়ারি যাত্রা শুরু করে বাংলাদেশ ডেভোলপমেন্ট ব্যাংক। |

## বাংলাদেশে মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস [**]

| MFS | সংশ্লিষ্ট ব্যাংক | MFS | সংশ্লিষ্ট ব্যাংক |
|---|---|---|---|
| bKash | ব্র্যাক ব্যাংক | PrimeCash | প্রাইম ব্যাংক |
| Rocket | ডাচ-বাংলা ব্যাংক | SPOT CASH | স্ট্যান্ডার্ড ব্যাংক |
| mCash | ইসলামী ব্যাংক বাংলাদেশ | Mobile Money | ট্রাস্ট ব্যাংক |
| UCash | ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক | Tap N Pay | মেঘনা ব্যাংক |
| TeleCash | সাউথইস্ট ব্যাংক | Palli Lenden | পল্লী সঞ্চয় ব্যাংক |
| OK Wallet | ওয়ান ব্যাংক | Islamic Wallet | আল-আরাফাহ ইসলামী ব্যাংক |
| CellFin | ইসলামী ব্যাংক বাংলাদেশ | Upay | ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক |
| MYCash | মার্কেন্টাইল ব্যাংক | Nagad | বাংলাদেশ ডাক বিভাগ |
| SureCash | রূপালী ব্যাংক | PI Banking | পূবালী ব্যাংক |
| myBKB | কৃষি ব্যাংক | ShahjalalTouchPay | শাহজালাল ইসলামী ব্যাংক |
| Meghna Pay | মেঘনা ব্যাংক পিএলসি | FirstCash | ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক |

## প্রতিরক্ষা বাহিনী পরিচালিত ব্যাংকসমূহ

| সেনাবাহিনী পরিচালিত | বিজিবি পরিচালিত | বাংলাদেশ পুলিশ পরিচালিত | বাংলাদেশ নেভি পরিচালিত |
|---|---|---|---|
| ট্রাস্ট ব্যাংক (১৯৯৯) | সীমান্ত ব্যাংক (২০১৬) | কমিউনিটি ব্যাংক (২০১৯) | মেরিটাইম ব্যাংক |

## বাংলাদেশে ব্যাংকিং সেক্টরে প্রথম যা কিছু [***]

| বাংলাদেশে ব্যাংকিং সেক্টরে যা কিছু প্রথম | সংশ্লিষ্ট ব্যাংক |
|---|---|
| প্রথম মোবাইল ব্যাংকিং চালু করে | ডাচ-বাংলা ব্যাংক (রকেট, ২০১১) |
| প্রথম বেসরকারি ব্যাংক | আরব-বাংলাদেশ (এবি) ব্যাংক (১৯৮২) |
| প্রথম বেসরকারিকৃত ব্যাংক (Specialized Bank) | উত্তরা ব্যাংক পিএলসি |
| প্রথম শরিয়াহভিত্তিক ইসলামিক ব্যাংক | ইসলামী ব্যাংক বাংলাদেশ (১৯৮৩) |
| প্রথম পূর্ণাঙ্গ ইসলামিক ব্যাংক | আরব-বাংলাদেশ (এবি) ব্যাংক |
| প্রথম রাষ্ট্রায়ত্ত ব্যাংক হিসেবে ইসলামিক ব্যাংকিং চালু করে | অগ্রণী ব্যাংক |
| প্রথম Ready Cash System চালু করে | জনতা ব্যাংক |
| প্রথম বিদেশি ব্যাংক | স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক (১৯৯৮) |
| প্রথম টেলিফোন ব্যাংকিং/ক্রেডিট কার্ড/এটিএম | স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক |
| প্রথম Offshore Banking সার্ভিস চালু করে | স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক |
| প্রথম Master Card চালু করে | ন্যাশনাল ব্যাংক |
| প্রথম American Express (AMEX) Card চালু করে | সিটি ব্যাংক |
| প্রথম এজেন্ট ব্যাংকিং চালু করে | ব্যাংক এশিয়া (২০১৪) |
| প্রথম এজেন্ট ব্যাংকিং (রাষ্ট্রীয় ব্যাংক হিসেবে) করে | অগ্রণী ব্যাংক |
| প্রথম WhatsApp ব্যাংকিং চালু করে | ঢাকা ব্যাংক |
| প্রথম WhatsApp ব্যাংকিং (রাষ্ট্রীয় ব্যাংক হিসেবে) চালু করে | বেসিক ব্যাংক |
| বাংলাদেশ অঞ্চলের প্রথম বাণিজ্যিক ব্যাংক (স্বাধীনতার আগে) | ইস্টার্ন ব্যাংকিং কর্পোরেশন (১৯৬৫) |
| স্বাধীনতার পর প্রথম রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক [**] | সোনালী ব্যাংক |
| স্বাধীনতার পর প্রথম বেসরকারি বাণিজ্যিক ব্যাংক [**] | এবি ব্যাংক (আরব বাংলাদেশ ব্যাংক), ১৯৮২ |
| প্রথম ইসলামিক ব্যাংক [**] | ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড (১৯৮৩) |
| প্রথম বিশেষায়িত ব্যাংক [**] | কৃষি ব্যাংক (পরবর্তীতে বাংলাদেশ কৃষি ব্যাংক), ১৯৭৩ |
| প্রথম উন্নয়ন ব্যাংক | বাংলাদেশ শিল্প ব্যাংক (১৯৭২) |
| প্রথম বিদেশি বাণিজ্যিক ব্যাংক (বাংলাদেশে কার্যক্রম শুরু করে) | স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক (১৯৪৮ সালে পূর্ব পাকিস্তানে প্রবেশ, ১৯৭১ এর পর বাংলাদেশে কার্যক্রম অব্যাহত রাখে) |
| প্রথম ব্যাংক যা এটিএম সেবা চালু করে | স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক (১৯৯৪) |
| প্রথম দেশীয় ব্যাংক যা এটিএম সেবা চালু করে | এবি ব্যাংক (২০০২) |
| প্রথম ব্যাংক যা ক্রেডিট কার্ড ইস্যু করে | স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক (১৯৯৭) |
| প্রথম দেশীয় ব্যাংক যা ক্রেডিট কার্ড ইস্যু করে | প্রাইম ব্যাংক (১৯৯৯) |
| প্রথম পূর্ণাঙ্গ ডিজিটাল ব্যাংক (বর্তমানে লাইসেন্স স্থগিত) | নগদ ডিজিটাল ব্যাংক পিএলসি (২০২৩) |
| প্রথম গ্রিন ব্যাংকিং উদ্যোগ | ডাচ-বাংলা ব্যাংক লিমিটেড (২০১০) |
| প্রথম ব্যাংক যা শেয়ারবাজারে তালিকাভুক্ত হয় | আইএফআইসি ব্যাংক (১৯৮৫) |
| দেশে ফ্রিল্যান্সারদের জন্য Freelancer Account চালু করে | স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক |
| দেশে প্রথম 'গুগল পে' কার্যক্রম চালু করে | সিটি ব্যাংক পিএলসি |
| ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের জন্য প্রথম প্রিপেইড কার্ড চালু করে | মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক পিএলসি, সেবা পে ও মাস্টার কার্ড |
| প্রথম নারী যিনি কোনো ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক হন | রোকিয়া আফজাল রহমান (অগ্রণী ব্যাংক), ১৯৯৫ সালে |

## বাংলাদেশের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান [***]

| বিষয় | সংখ্যা | বিবরণ |
|---|---|---|
| তফসিলী ব্যাংক | ৬২ | সর্বশেষ– নগদ ডিজিটাল ব্যাংক পিএলসি (৩ জুন ২০২৪) |
| তফসিল বহির্ভূত ব্যাংক | ৫ | আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংক, কর্মসংস্থান ব্যাংক, গ্রামীণ ব্যাংক, জুবিলি ব্যাংক ও পল্লী সঞ্চয় ব্যাংক |

| | | |
|---|---|---|
| রাষ্ট্রায়ত্ত ব্যাংক | ৬ | অগ্রণী ব্যাংক পিএলসি, বেসিক ব্যাংক লিমিটেড, জনতা ব্যাংক পিএলসি, রূপালী ব্যাংক পিএলসি, সোনালী ব্যাংক পিএলসি ও বাংলাদেশ উন্নয়ন ব্যাংক |
| বিশেষায়িত ব্যাংক | ৩ | বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক ও প্রবাসী কল্যাণ ব্যাংক |
| ডিজিটাল ব্যাংক | ১ | Nagad Digital Bank PLC (৩ জুন ২০২৪) |
| বেসরকারি তফসিলী ব্যাংক | ৫২ | বেসরকারি বাণিজ্যিক ব্যাংক ৪৩টি+বিদেশি বাণিজ্যিক ব্যাংক ৯টি |
| শরিয়াহভিত্তিক ইসলামী ব্যাংক | ১০ | সর্বশেষ: স্ট্যান্ডার্ড ব্যাংক পিএলসি (Standard Bank PLC) |
| ব্যাংক বহির্ভূত আর্থিক প্রতিষ্ঠান | ৩৫ | সর্বশেষ: স্ট্র্যাটেজিক ফাইনান্স অ্যান্ড ইনভেস্টমেন্ট লি. |
| মোট বীমা প্রতিষ্ঠান | ৮২টি | সরকারি ২টি এবং বেসরকারি ৮০টি |
| লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি | ৩৬টি | রাষ্ট্র মালিকানাধীন ১টি সহ মোট ৩৬টি |
| নন-লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি | ৪৬টি | রাষ্ট্র মালিকানাধীন ১টি সহ মোট ৪৬টি |

## এক নজরে বাংলাদেশ ব্যাংকের গৃহীত কিছু সাম্প্রতিক উদ্যোগ

| বিষয় | তারিখ |
|---|---|
| গভর্নর কর্তৃক গুগল পে (Google Pay) সেবার উদ্বোধন [***] | ২৪ জুন ২০২৫ |
| ডিজিটাল ব্যাংক গঠনের প্রাথমিক অনুমোদন প্রদান [**] | ১৪ জুন ২০২৩ |
| নগদ ডিজিটাল ব্যাংক পিএলসি লাইসেন্স প্রাপ্তি | ৩ জুন ২০২৪ |
| ডলারের বিনিময় হার নির্ধারণে 'ক্রলিং পেগ' (Crawling Peg) পদ্ধতি চালু [**] | ৮ মে ২০২৪ |
| ব্যাংকাস্যুরেন্স সেবার আনুষ্ঠানিক উদ্বোধন [**] | ১ মার্চ ২০২৪ |
| প্রথমবার ব্যাংকাসুরেন্স (Bancassurance) চালু [**] | ১২ ডিসেম্বর ২০২৩ |
| টাকা পে (Taka Pay) কার্ড উদ্বোধন | ১ নভেম্বর ২০২৩ |
| টাকা রুপির ডেবিট কার্ড চালুর ঘোষণা | ১৮ জুন ২০২৩ |
| সর্বজনীন বাংলা কিউআর কোড (QR Code) চালু | ১৮ জানুয়ারি ২০২৩ |
| 'বাংলা কিউআর' কোড পেমেন্ট সিস্টেম চালু | ৬ জানুয়ারি ২০২১ |
| প্রথম শরিয়াহভিত্তিক ইসলামী বন্ড (Islamic Bond) ইস্যু | ২৮ ডিসেম্বর ২০২০ |

## সরকারি নোটগুলোর বিবরণ [**]

| সরকারি নোট | ধরন | প্রবর্তন | ছবি/বর্ণনা | ইস্যুকারী | স্বাক্ষরকারী |
|---|---|---|---|---|---|
| ১ টাকা | কাগুজে | ৪ মার্চ ১৯৭২ | বাংলাদেশের প্রথম কাগুজে মুদ্রা | অর্থ মন্ত্রণালয় (Ministry of Finance) | অর্থ সচিব (Finance Secretary) |
| | ধাতব | ১৯৭৫ | স্লোগান: পরিকল্পিত পরিবার, সবার জন্য খাদ্য | | |
| ২ টাকা | কাগুজে | ১৯৮৮ | ছবি: কেন্দ্রীয় শহিদ মিনার ও জাতীয় স্মৃতিসৌধ | | |
| | ধাতব | ২০০৪ | স্লোগান: সবার জন্য শিক্ষা | | |
| ৫ টাকা | কাগুজে | ১৯৭২ | ছবি: নওগাঁর কুসুম্বা মসজিদ | | |
| | ধাতব | ১৯৯৪ | প্রতিকৃতি: বঙ্গবন্ধু সেতু | | |

## ব্যাংক নোটগুলোর বিবরণ [**]

| ব্যাংক নোট | ধরন | প্রবর্তন | ছবি/বর্ণনা | ইস্যুকারী | স্বাক্ষরকারী |
|---|---|---|---|---|---|
| ১০ টাকা | কাগুজে | ১৯৭২ | ছবি: বায়তুল মোকাররম মসজিদ | বাংলাদেশ ব্যাংক | বাংলাদেশ ব্যাংকের গভর্নর |
| | পলিমার | ২০০০ | অস্ট্রেলিয়া থেকে মুদ্রিত হতো | | |
| ২০ টাকা | কাগুজে | ১৯৭৯ | ছবি: ষাট গম্বুজ মসজিদ | | |
| ৫০ টাকা | কাগুজে | ১৯৭২ | ছবি: জয়নুল আবেদিনের চিত্রকর্ম 'মইদেয়া' | | |
| ১০০ টাকা | কাগুজে | ৪ মার্চ ১৯৭২ | ছবি: তারা মসজিদ | | |
| ২০০ টাকা | কাগুজে | ১৭ মার্চ ২০২০ | ছবি: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান | | |
| ৫০০ টাকা | কাগুজে | ১৯৭৬ | জার্মানি থেকে মুদ্রিত হতো | | |
| ১০০০ টাকা | কাগুজে | ২৭ অক্টোবর ২০০৮ | ছবি: কার্জন হল | | |

## নতুন ডিজাইনের নোটগুলোর বিবরণ [***]

| নোট | রঙ | সামনের অংশ | পেছনের অংশ |
|---|---|---|---|
| ২ টাকা | হালকা সবুজ | শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধ, মিরপুর | রায়েরবাজার বধ্যভূমি স্মৃতিসৌধ |
| ৫ টাকা | গোলাপি | তারা মসজিদ, ঢাকা | গ্রাফিতি ২০২৪ (জুলাই গণঅভ্যুত্থানের সময় ছাত্রদের আঁকা) |
| ১০ টাকা | গোলাপি | জাতীয় মসজিদ বায়তুল মোকাররম | গ্রাফিতি ২০২৪ (জুলাই গণঅভ্যুত্থানের সময় ছাত্রদের আঁকা) |
| ২০ টাকা | সবুজ | কান্তজিউ মন্দির, দিনাজপুর | পাহাড়পুর বৌদ্ধবিহার, নওগাঁ |
| ৫০ টাকা | গাঢ় বাদামি | আহসান মঞ্জিল, ঢাকা | শিল্পাচার্য জয়নুল আবেদিনের চিত্রকর্ম 'সংগ্রাম' |
| ১০০ টাকা | নীল | ষাট গম্বুজ মসজিদ, বাগেরহাট | সুন্দরবনের ছবি |
| ২০০ টাকা | হলুদ | অপরাজেয় বাংলা, ঢাবি | গ্রাফিতি ২০২৪ (জুলাই গণঅভ্যুত্থানের সময় ছাত্রদের আঁকা) |
| ৫০০ টাকা | সবুজ | কেন্দ্রীয় শহিদ মিনার | বাংলাদেশ সুপ্রিম কোর্ট |
| ১০০০ টাকা | বেগুনি | জাতীয় স্মৃতিসৌধ, সাভার | জাতীয় সংসদ ভবন |

## মুদ্রার ইতিহাস

| ঘটনা | সাল/তারিখ | ঘটনা | সাল/তারিখ |
|---|---|---|---|
| উপমহাদেশে প্রথম মুদ্রা আইন পাশ হয় | ১৮৩৫ | বাংলাদেশে প্রথম ধাতব মুদ্রা চালু হয় | ১৯৭৩ |
| দেশে প্রথম নোট (১ ও ১০০ টাকার) চালু হয় [**] | 4 মার্চ ১৯৭২ | বাংলাদেশে দশমিক ভিত্তিক মুদ্রা চালু হয় | ১৯৬১ |
| উপমহাদেশে প্রথম কাগুজে নোট চালু হয় [**] | ১৮৬১ | বাংলাদেশে ভাসমান বিনিময় হার চালু হয় [**] | ২০০৩ |

## সরকারি নোট ও ব্যাংক নোট [**]

| বিষয় | সরকারি নোট | ব্যাংক নোট |
|---|---|---|
| সংখ্যা | ৩ (১ টাকা, ২ টাকা এবং ৫ টাকা) | ৭ (১০, ২০, ৫০, ১০০, ২০০, ৫০০ এবং ১০০০ টাকা) |
| ইস্যুকারী প্রতিষ্ঠান | অর্থ মন্ত্রণালয় (Ministry of Finance) | বাংলাদেশ ব্যাংক |
| স্বাক্ষরকারী | অর্থ সচিব (Finance Secretary) | বাংলাদেশ ব্যাংকের গভর্নর |

**BDT, ৳, Tk :** বাংলাদেশি টাকার মুদ্রা কোড BDT, টাকার প্রতীক/চিহ্ন '৳' (টাকা) এবং এর সংক্ষিপ্ত রূপ হলো 'Tk'

## বাংলাদেশের স্টক এক্সচেঞ্জ

| | |
|---|---|
| **ঢাকা স্টক এক্সচেঞ্জ** [**] | ঢাকা স্টক এক্সচেঞ্জ (DSE) প্রতিষ্ঠিত হয় ১৯৫৪ সালে। এর পূর্ব নাম ছিল ইস্ট পাকিস্তান স্টক এক্সচেঞ্জ অ্যাসোসিয়েশন লি.। ডিএসই-এর বর্তমান চেয়ারম্যান প্রফেসর ড. হাফিজ মো. হাসান বাবু। ঢাকা স্টক এক্সচেঞ্জ ২৬ জানুয়ারি ২০২২-এ কাগজবিহীন লেনদেন (Paperless) চালু করে। জানুয়ারি ২০২৩-এ DSE ও NASDAQ ট্রেডিং প্রযুক্তিতে অংশীদারিত্ব ঘোষণা করে। DSE-তে Central Securities Depository System চালু হয় ২৪ জানুয়ারি ২০০৪। |
| **চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ** [*] | চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ (CSE) প্রতিষ্ঠিত হয় ১২ ফেব্রুয়ারি ১৯৯৫। এতে লেনদেন শুরু হয় ১০ অক্টোবর ১৯৯৫। আর ইন্টারনেটভিত্তিক ট্রেডিং সিস্টেম চালু হয় ৩০ মে ২০০৪। |
| **বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি)** | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) হল বাংলাদেশের পুঁজিবাজারের নিয়ন্ত্রক সংস্থা। এটি ঢাকা স্টক এক্সচেঞ্জ এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের শেয়ার মূল্যসমূহের গতিপ্রকৃতি নিয়মিত পর্যবেক্ষণ ও পরীক্ষা করে। বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) ১৯৯৩ সালের ৮ জুন সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন ১৯৯৩-এর ক্ষমতাবলে প্রতিষ্ঠিত হয়। এটি একটি সংবিধিবদ্ধ সংস্থা এবং বাংলাদেশের অর্থ মন্ত্রণালয়ের অধীনস্থ প্রতিষ্ঠান। |

## শেয়ার বাজার সম্পর্কিত পরিভাষা

**Basic Terms (প্রাথমিক পরিভাষা) [**]**

- **Share:** একটি কোম্পানির মূলধনের অংশ। শেয়ার কেনা মানে কোম্পানির মালিকানার অংশীদার হওয়া।
- **Stock:** সাধারণভাবে শেয়ার বোঝাতে ব্যবহৃত হয়।
- **Equity:** কোম্পানির শেয়ারহোল্ডারদের মালিকানা অংশ।
- **Dividend:** কোম্পানির লাভ থেকে শেয়ারহোল্ডারদের মধ্যে বণ্টিত অর্থ বা শেয়ার।
- **IPO (Initial Public Offering):** নতুন কোম্পানির প্রথমবার শেয়ার বাজারে বিক্রির প্রক্রিয়া।

**Trading Related Terms (লেনদেন-সংক্রান্ত পরিভাষা) [**]**

- **Bull Market:** যখন শেয়ারের দাম ক্রমাগত বাড়ে (When the share price increases in the market)।
- **Bear Market:** যখন শেয়ারের দাম ক্রমাগত কমতে থাকে (When the share price falls in the market)।
- **Broker:** শেয়ার কেনা-বেচায় মধ্যস্থ প্রতিষ্ঠান বা ব্যক্তি।
- **Portfolio:** একজন বিনিয়োগকারীর মালিকানাধীন বিভিন্ন শেয়ারের সংগ্রহ।
- **Liquidity:** শেয়ারকে সহজে নগদ অর্থে রূপান্তরের ক্ষমতা।
- **Book Building Method:** IPO শেয়ারের দাম নির্ধারণের প্রক্রিয়া, যেখানে বিনিয়োগকারীরা তাদের প্রস্তাবিত মূল্য বা বিড দিয়ে অংশগ্রহণ করে।
- **Lock-in Period:** IPO বা Private Placement এর পর একটি নির্দিষ্ট সময় পর্যন্ত বড় শেয়ারহোল্ডারদের শেয়ার বিক্রি করার উপর নিষেধাজ্ঞা।
- **Placement Shares:** IPO এর আগে নির্দিষ্ট বিনিয়োগকারীদের জন্য বরাদ্দকৃত শেয়ার, যা সাধারণত Lock-in Period এর আওতায় থাকে।

**Valuation Terms (মূল্যায়ন সম্পর্কিত পরিভাষা)**

- **Market Capitalization:** কোম্পানির মোট শেয়ারের বর্তমান বাজারমূল্য।
- **P/E Ratio:** শেয়ারের দাম বনাম প্রতি শেয়ারের আয় তুলনা।
- **Book Value:** কোম্পানির হিসাব অনুযায়ী প্রতি শেয়ারের প্রকৃত মূল্য।
- **EPS:** কোম্পানির নিট মুনাফা ভাগ করে প্রতি শেয়ারের আয়।
- **NAV:** কোম্পানির মোট সম্পদ থেকে দায় বাদ দিয়ে প্রতি শেয়ারের নিট মূল্য।

**Market Mechanics (বাজার প্রক্রিয়া সম্পর্কিত পরিভাষা) [**]**

- **Primary Market:** যেখানে নতুন শেয়ার প্রথমবার বিক্রি হয় (যেমন- IPO)।
- **Secondary Market:** যেখানে পুরোনো শেয়ার বিনিয়োগকারীরা কেনাবেচা করে।
- **Circuit Breaker:** বাজারে শেয়ারের দামের অতিরিক্ত ওঠানামা নিয়ন্ত্রণের ব্যবস্থা।
- **Blue Chip:** দীর্ঘদিন ধরে ভালো পারফরম্যান্স করা বড় কোম্পানির শেয়ার (Shares of large, well-established and financially sound companies)।
- **ব্লু স্কাই শেয়ার:** ব্লু স্কাই শেয়ার যাকে বাংলায় বলা হয় অধিমূল্যের শেয়ার। এটা ফাটকা বাজারজাত শেয়ার। যে শেয়ারের বাজারদর অভিহিত দামের চেয়ে অনেক বেশি, তাকে বলা হয় ব্লু স্কাই শেয়ার।
- **Speculation:** ভবিষ্যতের দাম অনুমান করে শেয়ার কেনাবেচা।
- **De-mat (Dematerialization):** শেয়ারকে কাগজে (physical form) না রেখে ইলেকট্রনিক ফর্মে রূপান্তর করাকে বোঝায়। বর্তমানে সব শেয়ারই de-mat form-এ লেনদেন হয়।
- **OTC (Over The Counter Market):** স্টক এক্সচেঞ্জের বাইরে সরাসরি ক্রেতা-বিক্রেতার মধ্যে শেয়ার কেনাবেচা (Alternative marketplace for non-listed companies)। যেমন- অবলিকুইড/ডিলিস্টেড শেয়ারের লেনদেন।
- **BO (Beneficiary Owner's Account):** শেয়ার কেনাবেচার জন্য বিনিয়োগকারীর খোলা অ্যাকাউন্ট। যেমন- ব্যাংকে অ্যাকাউন্ট খোলা হয়, শেয়ার মার্কেটে BO Account ছাড়া লেনদেন করা যায় না।
- **Face Value (FV):** শেয়ারের মূল অভিহিত মূল্য, যা কোম্পানি শেয়ার ইস্যুর সময় নির্ধারণ করে (The price at which the shares are listed on the stock exchange)।

## ব্যাংকিং ও অর্থবাজার

- বিশ্বের প্রথম বায়োমেট্রিক মেটাল ক্রেডিট কার্ড চালু করেছে– যৌথভাবে ইস্টার্ন ব্যাংক পিএলসি ও মাস্টারকার্ড (৫ জুলাই ২০২৫)
- বাংলাদেশে বিশ্বব্যাংকের নতুন ডিভিশন ডিরেক্টর– জ্যাঁ পেম (ফরাসি নাগরিক)
- শুল্ক-কর জমা দেওয়ার অনলাইন সেবা 'এ-চালান' চালু করেছে– অর্থ বিভাগ ও জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)
- সম্প্রতি শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ হিসেবে স্বীকৃতি পেয়েছে– মাই বিকেবি অ্যাপ (বাংলাদেশ কৃষি ব্যাংকের মোবাইল অ্যাপ্লিকেশন)
- সম্প্রতি বাংলাদেশ ব্যাংক যে ধরনের এক্সচেঞ্জ রেট চালুর ঘোষণা দিয়েছে– বাজারভিত্তিক
- দেশে প্রথম এপিআই ব্যাংক প্ল্যাটফর্ম চালু করেছে– ইউনাইটেড কমার্সিয়াল ব্যাংক (ইউসিবি)

- আর্থিক সংকটে পড়া শরিয়াহভিত্তিক পাঁচটি ব্যাংক মিলে একটি বড় ইসলামী ধারার ব্যাংক গঠন করা হচ্ছে: ব্যাংকগুলো হলো– ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক, গ্লোবাল ইসলামী ব্যাংক, ইউনিয়ন ব্যাংক, সোস্যাল ইসলামী ব্যাংক এবং এক্সিম ব্যাংক।
- সম্প্রতি ডিজিটাল ওয়ালেট বা পিএসপি লাইসেন্স পেয়েছে– গ্রামীণ টেলিকমের প্রতিষ্ঠান 'সমাধান সার্ভিসেস লিমিটেড'
- বর্তমানে দেশে মোট পিএসপি (পেমেন্ট সার্ভিস প্রোভাইডার) রয়েছে– ৯টি
- দেশের প্রথম ক্রেডিট এনহেন্সমেন্ট স্কিম (সিইএস) চালু করেছে– পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)
- আন্তর্জাতিক ক্রেডিট রেটিং এজেন্সি ফিচের রেটিংয়ে বাংলাদেশের ঋণমান– বি প্লাস (B+)
- মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি (এমআরএ) ভবনের অবস্থান– আগারগাঁও, ঢাকা (উদ্বোধন: ১৭ মে ২০২৫)
- বর্তমানে বাংলাদেশ ব্যাংক মুদ্রানীতি ঘোষণা করে– বছরে ২ বার (২০২৩ সাল থেকে)
- বাংলাদেশ ব্যাংক দুইবার মুদ্রানীতি ঘোষণার সিদ্ধান্ত নেয়– আইএমএফ এর পরামর্শে
- দেশের প্রথম প্রবাসী ইন্স্যুরেন্স কোম্পানি– এনআরবি ইসলামী লাইফ ইন্সুরেন্স
- ডিজিটাল ব্যাংক গঠিত হবে– ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১-এর ধারা ৩১ অনুযায়ী
- দেশের শেয়ারবাজারে প্রথম ইসলামী শরিয়াহ্ভিত্তিক বন্ড লেনদেন শুরু হয়– ১৩ জানুয়ারি ২০২২
- দেশের শেয়ারবাজারে প্রথম সরকারি বন্ডের লেনদেন শুরু হয়– ১০ অক্টোবর ২০২২
- দেশে সনদপ্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান– ৮৯২টি

## বন্ড, বিআইডিএফ ও মুদ্রানীতি

| | |
|---|---|
| মুদ্রানীতি বছরে দুই বার [*] | বর্তমানে বাংলাদেশ ব্যাংক মুদ্রা নীতি ঘোষণা করে বছরে দুইবার (২০২৩ সাল থেকে)। আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (IMF) পরামর্শ অনুযায়ী বাংলাদেশ ব্যাংক মুদ্রা নীতি বছরে দুইবার ঘোষণা করার সিদ্ধান্ত নেয়। এছাড়া IMF-এর শর্ত অনুযায়ী বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (BBS) প্রথমবারের মতো ত্রৈমাসিক ভিত্তিতে জিডিপির তথ্য প্রকাশ করছে ২০২৩ সাল থেকে। |
| Banglabond [**] | প্রথমবারের মতো বাংলাদেশি টাকা-ভিত্তিক বন্ডের নাম বাংলাবন্ড (Banglabond)। এটি আন্তর্জাতিক পর্যায়ে বাংলাদেশের প্রথম তালিকাভুক্ত বন্ড। বাংলাবন্ড লন্ডন স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হয়। Banglabond ইস্যু করে International Finance Corporation (IFC)। |
| শরিয়াহভিত্তিক বন্ড [*] | ২৮ ডিসেম্বর ২০২০ বাংলাদেশ ব্যাংক প্রথম শরিয়াহভিত্তিক ইসলামিক বন্ড ইস্যু করে। শেয়ারবাজারে প্রথম ইসলামিক শরিয়াহভিত্তিক বন্ড লেনদেন শুরু হয় ১৩ জানুয়ারি ২০২২। দেশের শেয়ারবাজারে প্রথম সরকারি বন্ড লেনদেন শুরু হয় ১০ অক্টোবর ২০২২। বেসরকারি খাতে প্রথম শরিয়াহভিত্তিক বন্ড হলো সুকুক বন্ড (Sukuk Bond)। এর মেয়াদ ৫ বছর, মুনাফার হার ৯%, ন্যূনতম বিনিয়োগ ১০০ টাকা। আর শেয়ারবাজারে তালিকাভুক্ত প্রথম শরিয়াহভিত্তিক বন্ড হলো Beximco Green-Sukuk AL Istisna, এর মেয়াদ ৫ বছর। |
| বিআইডিএফ গঠন [**] | ২০২১ সালের ১৫ মার্চ বিভিন্ন উন্নয়ন প্রকল্পে অর্থায়নের লক্ষ্যে Bangladesh Infrastructure Development Fund (BIDF) গঠন করা হয়। বৈদেশিক মুদ্রার রিজার্ভ থেকে অর্থ নিয়ে এ তহবিল গঠন করে সরকার। বিআইডিএফ থেকে সর্বপ্রথম পায়রা বন্দর প্রকল্পে অর্থায়ন করা হয়। |

## Insurance Sector of Bangladesh

| Types of Insurance | Government | Non-Government | Total |
|---|---|---|---|
| Life Insurance Company | 1 (Jiban Bima Corporation) | 35 | 36 |
| General Insurance Company | 1 (Sadharan Bima Corporation) | 45 | 46 |
| **Total Insurance Companies** | **2** | **80** | **82** |

## ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের নিয়ন্ত্রক সংস্থা [***]

| নিয়ন্ত্রক সংস্থা | যেসব সেক্টর নিয়ন্ত্রণ করে | প্রাসঙ্গিক তথ্য |
|---|---|---|
| বাংলাদেশ ব্যাংক [***] | ১. মানি মার্কেট ২. ব্যাংকিং খাত ৩. তফসিলভুক্ত ব্যাংক ৪. অ-তফসিলভুক্ত ব্যাংক ৫. অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান ৬. গ্রামীণ ব্যাংক | টাকা ও মুদ্রানীতি নিয়ন্ত্রণ, ব্যাংকের তদারকি, সুদের হার ও বৈদেশিক মুদ্রা বাজার নিয়ন্ত্রণ করে। |

| | | |
|---|---|---|
| বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (BSEC) | ১. অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি ২. ক্রেডিট রেটিং এজেন্সি ৩. মার্চেন্ট ব্যাংক ৪. মূলধন বাজার/শেয়ার বাজার | পুঁজিবাজার নিয়ন্ত্রণ, শেয়ার লেনদেনের স্বচ্ছতা বজায় রাখা ও বিনিয়োগকারীর স্বার্থ রক্ষা করে। |
| Insurance Development Regulatory Authority (IDRA) [**] | বীমা কোম্পানি (Insurance Company) | বিভিন্ন বীমা কোম্পানির কার্যক্রম নিয়ন্ত্রণ, অনুমোদন ও নীতি প্রণয়ন করে। |
| Microcredit Regulatory Authority (MRA) [**] | ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান (Microfinance Institutions) | দরিদ্র জনগোষ্ঠীর জন্য ক্ষুদ্রঋণ প্রদানকারী প্রতিষ্ঠানগুলোর কার্যক্রম নিয়ন্ত্রণ করে। |

## ব্যাংক সম্পর্কিত আইন/অর্ডার/অধ্যাদেশ [***]

| আইন/অর্ডার/অধ্যাদেশ | মূল উদ্দেশ্য |
|---|---|
| বাংলাদেশ ব্যাংক অর্ডার, ১৯৭২ | বাংলাদেশ ব্যাংকের প্রতিষ্ঠা ও কার্যক্রম পরিচালনার মূল আইন |
| ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ | বাণিজ্যিক ব্যাংকের কার্যক্রম নিয়ন্ত্রণ ও তদারকি |
| আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ | নন-ব্যাংকিং আর্থিক প্রতিষ্ঠান (NBFI) নিয়ন্ত্রণ |
| মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ | অবৈধ অর্থ লেনদেন ও সন্ত্রাসী অর্থায়ন প্রতিরোধ |
| ইলেক্ট্রনিক ফান্ড ট্রান্সফার আইন, ২০১৮ | ডিজিটাল লেনদেন, অনলাইন/ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার সুরক্ষা |
| বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনা আইন, ২০১৯ | বৈদেশিক মুদ্রা লেনদেন ও নিয়ন্ত্রণ ব্যবস্থা সহজীকরণ |
| অফশোর ব্যাংকিং আইন, ২০২৪ | অফশোর ব্যাংকিং কার্যক্রম নিয়ন্ত্রণ ও বৈদেশিক বিনিয়োগ উৎসাহিতকরণ |
| ব্যাংক রেজল্যুশন অধ্যাদেশ, ২০২৫ | দুর্বল/অসচ্ছল ব্যাংকের সংকট সমাধান ও পুনর্গঠন প্রক্রিয়া |
| বাংলাদেশ ব্যাংক অর্ডার, ২০২৫ | বাংলাদেশ ব্যাংককে সাংবিধানিক প্রতিষ্ঠানে রূপান্তরের উদ্যোগ |

## ব্যাংক হিসাবের প্রকারভেদ

| | |
|---|---|
| ব্যাংক হিসাব | ব্যাংক হিসাব হলো গ্রাহক ও ব্যাংকের মধ্যে একটি আর্থিক সম্পর্ক, যার মাধ্যমে গ্রাহক অর্থ জমা রাখা, উত্তোলন, স্থানান্তর ও অন্যান্য ব্যাংকিং সুবিধা গ্রহণ করতে পারে। ব্যাংক হিসাব সাধারণত তিন ধরনের হয়ে থাকে। যথা: চলতি হিসাব, সঞ্চয়ী হিসাব ও স্থায়ী হিসাব। |
| চলতি হিসাব | যে হিসাবে যতবার খুশি টাকা জমা দেয়া এবং উত্তোলন করা যায়, তাকে চলতি হিসাব (Current Account) বলে। ন্যূনতম টাকা জমা দিয়ে এ হিসাব খোলা যায়। এই হিসাবে ব্যাংক খুব কম সুদ প্রদান করে বা কোন সুদ প্রদান করে না। গ্রাহক যখন প্রয়োজন মনে করে তখনই টাকা উত্তোলন করতে পারে। |
| সঞ্চয়ী হিসাব | নগদ অর্থ হাতে না রেখে ব্যাংকে সঞ্চয়ের লক্ষ্য ও উদ্দেশ্য নিয়ে যে হিসাব খোলা হয়, তাকে সঞ্চয়ী হিসাব (Savings Account) বলা হয়। এই হিসাবে দিনে যতোবার খুশি টাকা জমা দেয়া যায়। |
| স্থায়ী হিসাব | ব্যাংক ও মক্কেলের মধ্যে দ্বি-পাক্ষিক চুক্তির মাধ্যমে যে হিসাবে নির্দিষ্ট মেয়াদের জন্য অর্থ জমা রাখা হয় এবং সাধারণত মেয়াদ পূর্তির পূর্বে অর্থ উত্তোলন করা যায় না, তাকে স্থায়ী বা মেয়াদী হিসাব (Fixed Account) বলা হয়। ৩ মাস থেকে শুরু করে সর্বোচ্চ ৫ বৎসর সময়ের জন্য এই হিসাবে টাকা জমা রাখা যায়। এই হিসাবে সঞ্চিত আমানতের উপর সর্বোচ্চ সুদ বা মুনাফা দেয়া হয়। |

## বাংলাদেশ ব্যাংকের আর্থিক কার্যক্রম ও নীতি উদ্যোগ

| | |
|---|---|
| বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (BFIU) [***] | দক্ষিণ এশিয়ায় প্রথম বাংলাদেশ ২০০২ সালে মানি লন্ডারিং প্রতিরোধ আইন প্রণয়ন করে। একই বছর বাংলাদেশ ব্যাংকে এ আইন বাস্তবায়নের জন্য অ্যান্টি মানি লন্ডারিং বিভাগ গঠন করা হয়। পরবর্তীতে এই বিভাগটির নাম পরিবর্তন করে বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (BFIU) করা হয়, যা ২০১২ সালের ২৫ জানুয়ারি কার্যকরভাবে প্রতিষ্ঠিত হয়। ২০১২ সালে মানি লন্ডারিং প্রতিরোধ আইন (Money Laundering Prevention Act, 2012) পাস হয়। BFIU মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এর অধীনে পূর্ণ স্বাধীনতায় কার্যক্রম শুরু করে। মানি লন্ডারিং প্রতিরোধ আইন ২০১২ ছাড়াও সন্ত্রাস দমন |

| | |
|---|---|
| | আইন ২০০৯ এবং সংশ্লিষ্ট বিধিমালা BFIU-এর কার্যক্রম পরিচালনা করে। এ সংস্থার প্রধান কাজ হলো মানি লন্ডারিং, সন্ত্রাসে অর্থায়ন এবং গণবিধ্বংসী অস্ত্রের বিস্তার রোধে অর্থায়ন প্রতিরোধ করা *[Combined Bank Officer (General) 2022 Based]*। আন্তর্জাতিকভাবে BFIU ফাইন্যান্সিয়াল অ্যাকশন টাস্ক ফোর্স (FATF)–এর মানদণ্ড অনুসরণ করে। বাংলাদেশ ব্যাংক ২০১৩ সালের জুলাই মাসে এগমন্ট গ্রুপ (Egmont Group)–এর সদস্যপদ লাভ করে। |
| বাংলাদেশ অটোমেটেড চেক প্রসেসিং সিস্টেম **(BACPS)** [**] | BACPS-এর পূর্ণরূপ হলো Bangladesh Automated Cheque Processing System। এটি অক্টোবর ২০১০ সালে চালু করা হয়। এটি একমাত্র আধুনিক চেক ক্লিয়ারিং সুবিধা। BACPS চেক ক্লিয়ারিংয়ের জন্য Cheque Imaging and Truncation (CIT) প্রযুক্তি ব্যবহার করে। এটি ব্যাচ প্রসেসিং পদ্ধতি অনুসরণ করে। BACPS-এর অধীনে চেক ক্লিয়ারিংয়ের দুটি ধরন রয়েছে: High Value (HV) Cheque Clearing – উচ্চমূল্যের চেক ক্লিয়ারিং এবং Regular Value (RV) Cheque Clearing – সাধারণমূল্যের চেক ক্লিয়ারিং। |
| বাংলাদেশ ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার নেটওয়ার্ক **(BEFTN)** [**] | BEFTN-এর পূর্ণরূপ হলো Bangladesh Electronic Funds Transfer Network। এটি ফেব্রুয়ারি ২০১১ সালে চালু হয়। BEFTN দেশের প্রথম পেপারলেস ইলেকট্রনিক ইন্টার-ব্যাংক ফান্ড ট্রান্সফার সিস্টেম। এটি ক্রেডিট এবং ডেবিট লেনদেন উভয়কে সহজ করে। BEFTN পেপারলেস এবং দ্রুত ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার প্রদান করে। অধিকাংশ সরকারি বেতন, সামাজিক সুবিধা, সকল সামাজিক সুরক্ষা নেট পেমেন্ট এবং অন্যান্য সরকারি অর্থপ্রদান প্রক্রিয়া প্রধানত BEFTN-এর মাধ্যমে সম্পন্ন হয়। |
| ন্যাশনাল পেমেন্ট সুইচ বাংলাদেশ **(NPSB)** [*] | NPSB-এর পূর্ণরূপ হলো National Payment Switch Bangladesh। এটি ২০১২ সাল থেকে কার্যকর। NPSB-এর মূল উদ্দেশ্য হলো অংশগ্রহণকারী ব্যাংকগুলোর মধ্যে অ্যাকাউন্ট এবং কার্ড ভিত্তিক লেনদেনের ইন্টারঅপারেবিলিটি স্থাপন করা। NPSB বর্তমানে ইন্টারব্যাংক ATM, Point of Sales (POS), এবং Internet Banking Fund Transfer (IBFT) সমর্থন করে। IBFT-এ ব্যক্তিগত লেনদেনের সর্বোচ্চ সীমা হলো প্রতি লেনদেনে ৩,০০,০০০ টাকা, দিনে সর্বোচ্চ ১০ বার এবং দিনে মোট ১০,০০,০০০ টাকার বেশি হবে না। NPSB-এর মাধ্যমে ATM লেনদেনের জন্য ৫৩টি ব্যাংক সংযুক্ত। |
| রিয়েল টাইম গ্রস সেটেলমেন্ট **(RTGS)** [***] | BD-RTGS-এর পূর্ণরূপ হলো Bangladesh Real Time Gross Settlement। BD-RTGS অক্টোবর ২০১৫ সালে চালু করা হয়। BD-RTGS-এর মূল উদ্দেশ্য হলো উচ্চমূল্যের সময়-সংবেদনশীল লেনদেনের রিয়েল-টাইম সেটেলমেন্ট সুবিধা প্রদান করা। ব্যাংক, কর্পোরেট প্রতিষ্ঠান, এবং ব্যক্তিগত গ্রাহকরা (বড় লেনদেনের জন্য) BD-RTGS ব্যবহার করতে পারেন। |
| ডিপোজিট ইনস্যুরেন্স সিস্টেম **(DIS)** | Bank Deposit Insurance Ordinance, 1984 অনুযায়ী, বাংলাদেশে প্রথমবার Deposit Insurance System চালু হয় আগস্ট ১৯৮৪ সালে। ডিপোজিট ইনস্যুরেন্স সিস্টেমের উদ্দেশ্য হলো তফসিলভুক্ত ব্যাংকের আমানতকারীদের তাদের আমানতের ক্ষতি থেকে সুরক্ষা প্রদান করা যদি ব্যাংক তার দায়িত্ব পূরণ করতে ব্যর্থ হয়। পরে Bank Amanat Bima Ain, 2000 দ্বারা ব্যাংক ডিপোজিট ইনস্যুরেন্স অর্ডিন্যান্স, ১৯৮৪ বাতিল করা হয়। বর্তমান আইনি কাঠামো হিসেবে Bank Amanat Bima Ain, 2000 বাংলাদেশে ডিপোজিট ইনস্যুরেন্স সিস্টেমকে নিয়ন্ত্রণ করে। |
| ন্যাশনাল ফাইন্যান্সিয়াল ইনক্লুশন স্ট্রাটেজি **(NFIS)** [**] | Maya Declaration (Riviera Maya, Mexico-তে চালু হয়) প্রথমবার ২০১১ সালে ফাইন্যান্সিয়াল ইনক্লুশন সম্পর্কিত আনুষ্ঠানিক প্রতিশ্রুতি উপস্থাপন করে। বাংলাদেশ ২০১২ সালে Maya Declaration-এর স্বাক্ষর করে। ২০২১ সালে বাংলাদেশ ২০২১-২৬ মেয়াদে National Financial Inclusion Strategy (NFIS) প্রবর্তন করে। এই স্ট্র্যাটেজি পেপারের লক্ষ্য হলো দেশের বৃহৎ জনগোষ্ঠীকে ফাইন্যান্সিয়াল ইনক্লুশনের আওতায় আনা। এই স্ট্র্যাটেজি বাস্তবায়নের জন্য ১২টি লক্ষ্য এবং ৬৯টি নির্দিষ্ট টার্গেট নির্ধারণ করা হয়েছে, যা ভবিষ্যতে ফাইন্যান্সিয়াল ইনক্লুশন উন্নয়নে সহায়ক। NFIS চতুর্থ শিল্প বিপ্লবের প্রেক্ষাপটে তৈরি করা হয়েছে। NFIS-এ অনুসৃত ৫টি "C" নীতি হলো: Commitment, Cooperation, Coordination, Co-existence এবং Comprehensive। NFIS-এর সময়কাল হলো জুলাই ২০২১ থেকে জুন ২০২৬ পর্যন্ত। মোবাইল ফাইন্যান্যান্সিয়াল সার্ভিসেস (MFS) এবং এজেন্ট ব্যাংকিং হলো দুইটি প্রধান উদ্ভাবন, যা বাংলাদেশের দরিদ্রদের জন্য আর্থিক সেবা সম্প্রসারণে সহায়তা করেছে। |

## বাংলাদেশ ব্যাংক গৃহীত বিভিন্ন উদ্যোগ ও সংস্কার কার্যক্রম

### এনপিএসবি ইন্টার-অপারেবল সেবা চালু [***]

ডিজিটাল লেনদেনকে আরও সহজ ও আন্তঃপরিচালনাযোগ্য করতে বড় পদক্ষেপ হিসেবে আন্তঃলেনদেন (ইন্টার-অপারেবল) সেবা চালু হচ্ছে ব্যাংক, মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস (এমএফএস) এবং পেমেন্ট সার্ভিস প্রোভাইডারদের (পিএসপি) মধ্যে। ক্যাশলেস ব্যাংকিং এবং নগদ অর্থের লেনদেন কমানোর লক্ষ্যে জাতীয় পেমেন্ট সুইচ বাংলাদেশ (এনপিএসবি) প্ল্যাটফর্মের মাধ্যমে ব্যাংক, মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস (এমএফএস) ও পেমেন্ট সার্ভিস প্রোভাইডারদের (পিএসপি) মধ্যে আন্তঃপরিচালনাযোগ্য (ইন্টার-অপারেবল) লেনদেন চালুর ঘোষণা দিয়েছে বাংলাদেশ ব্যাংক। **এই সেবা আগামী ১ নভেম্বর ২০২৫ থেকে কার্যকর হবে বলে জানিয়েছে কেন্দ্রীয় ব্যাংক।** এই সেবার আওতায় গ্রাহকরা ব্যাংক অ্যাকাউন্ট থেকে বিকাশ, নগদ, রকেটসহ অন্যান্য এমএফএস অ্যাকাউন্টে সরাসরি টাকা পাঠাতে পারবেন। তবে এ ক্ষেত্রে নির্ধারিত হারে সেবা ফি দিতে হবে। এতে বলা হয়, ইন্টার-অপারেবল ব্যবস্থায় অর্থ প্রেরণের ক্ষেত্রে প্রেরক পক্ষ থেকে নির্দিষ্ট হারে ফি আদায় করা হবে। এর মধ্যে ব্যাংক সর্বোচ্চ ০.১৫ শতাংশ, পেমেন্ট সার্ভিস প্রোভাইডার (পিএসপি) ০.২০ শতাংশ এবং মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস (এমএফএস) প্রতিষ্ঠান সর্বোচ্চ ০.৮৫ শতাংশ পর্যন্ত ফি নিতে পারবে। অর্থ প্রেরণের আগে গ্রাহককে এই ফি সম্পর্কে অবহিত করতে হবে এবং নির্ধারিত ফি প্রেরকের হিসাব থেকে কেটে নিতে হবে। তবে প্রাপকের কাছ থেকে কোনো ধরনের চার্জ আদায় করা যাবে না। **বাংলাদেশ ব্যাংকের সার্কুলার অনুযায়ী,** এখন থেকে এনপিএসবি প্ল্যাটফর্মে ব্যাংক থেকে মোবাইল অ্যাকাউন্টে ১ হাজার টাকা পাঠাতে সর্বোচ্চ ১ টাকা ৫০ পয়সা ফি দিতে হবে। পেমেন্ট সার্ভিস প্রোভাইডার (পিএসপি) থেকে মোবাইল অ্যাকাউন্টে অর্থ পাঠাতে খরচ হবে ২ টাকা, আর মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস (বিকাশ, নগদ, রকেট ইত্যাদি) থেকে ব্যাংক অ্যাকাউন্টে টাকা পাঠানোর ক্ষেত্রে সর্বোচ্চ ৮ টাকা ৫০ পয়সা পর্যন্ত চার্জ প্রযোজ্য হবে। তবে এনপিএসবি প্ল্যাটফর্মের মাধ্যমে ইন্টারনেট ব্যাংকিং ব্যবহার করে ব্যাংক টু ব্যাংক তহবিল স্থানান্তরের বর্তমান নিয়ম অপরিবর্তিত থাকবে।

### ক্যাশলেস ব্যাংকিং [***]

বাংলাদেশ ব্যাংকের সর্বশেষ পেমেন্ট সিস্টেম প্রতিবেদন অনুযায়ী, সরকার 'ক্যাশলেস বাংলাদেশ' গড়ায় জোর দিলেও অনানুষ্ঠানিক অর্থনীতির দাপটে দেশে এখনও ৭২% লেনদেন হয় নগদ টাকায়। কেন্দ্রীয় ব্যাংকের ২০২৪ সালের জানুয়ারি থেকে ডিসেম্বর পর্যন্ত ১২ মাসের তথ্য পর্যালোচনা করে দেখা গেছে, টাকার অঙ্ক এবং লেনদেনের সংখ্যা- উভয় ক্ষেত্রেই ডিজিটাল প্ল্যাটফর্মের চেয়ে এগিয়ে নগদ টাকা।

অর্থনৈতিক লেনদেনের জন্য কাগজের নোট ছাপাতেই কেন্দ্রীয় ব্যাংকের বছরে প্রায় ২০ হাজার কোটি টাকা খরচ হয়। আর কেন্দ্রীয় ব্যাংক থেকে বিভিন্ন ব্যাংকের প্রায় ১৪ হাজার শাখায় এই নোট পাঠাতেও ঝুঁকি এবং নানা রকম বিড়ম্বনা থাকে। কাগজের নোটে লেনদেনে সময় অপচয়ের পাশাপাশি আছে নানা রকম সংক্রামক রোগের ঝুঁকি। এ অবস্থায় দৈনন্দিন জীবনে 'ক্যাশলেস ট্রানজেকশন' বা 'নগদবিহীন লেনদেন' অপরিহার্য হয়ে পড়েছে।

'ক্যাশলেস বাংলাদেশ' উদ্যোগটি সরকারের একটি সামগ্রিক কৌশল, যার লক্ষ্য নগদ টাকার ওপর নির্ভরতা হ্রাস করে নিরাপদ, কার্যকর ও স্বচ্ছ ডিজিটাল লেনদেনকে উৎসাহিত করা। এই উদ্যোগের কেন্দ্রবিন্দুতে রয়েছে বাংলা কিউআর, যা একটি মানসম্মত ও আন্তঃব্যবহারযোগ্য (ইন্টারঅপারেবল) কুইক রেসপন্স (কিউআর) কোড ব্যবস্থা। **১৮ জানুয়ারি ২০২৩ কেন্দ্রীয় ব্যাংক 'বাংলা কিউআর' নামে একটি জাতীয় কিউআর কোড মানদণ্ড চালু করে খুচরা লেনদেনের জন্য।** বর্তমানে এই ব্যবস্থায় ৪৩টি ব্যাংক, ৫টি মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস (এমএফএস) এবং ৩টি পেমেন্ট সার্ভিস প্রোভাইডার (পিএসপি) যুক্ত রয়েছে।

একক কোনো ব্যাংক বা মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসের (এমএফএস) সঙ্গে সীমাবদ্ধ অন্যান্য কিউআর কোডের বিপরীতে বাংলা কিউআর একটি সর্বজনীন (ইউনিভার্সাল) ব্যবস্থা। অর্থাৎ, কোনো ব্যবসায়ীর কাউন্টারে একটি মাত্র বাংলা কিউআর কোড থাকলেই সেটির মাধ্যমে যেকোনো ব্যাংকের মোবাইল অ্যাপ, বিকাশ বা নগদের মতো যেকোনো মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস, কিংবা যেকোনো পেমেন্ট সার্ভিস প্রোভাইডার অ্যাপ থেকে সহজেই পেমেন্ট করা যাবে।

**১২ অক্টোবর ২০২৫ থেকে প্রত্যেক ট্রেড লাইসেন্সের সঙ্গে 'বাংলা কিউআর' বাধ্যতামূলক করেছে বাংলাদেশ ব্যাংক।** সরকারি হিসাব অনুযায়ী, এ উদ্যোগ বাস্তবায়িত হলে বছরে প্রায় ১০ হাজার কোটি টাকা সাশ্রয় হবে- যা এতদিন কাগজের নোট মুদ্রণ ও বিতরণে ব্যয় হতো।

সরকার ২০৩১ সালের মধ্যে সব ধরনের লেনদেনকে ক্যাশলেস করার লক্ষ্য নিয়েছে- 'স্মার্ট বাংলাদেশ ২০৪১'-এর চারটি ধাপ (স্মার্ট নাগরিক, স্মার্ট অর্থনীতি, স্মার্ট সরকার ও স্মার্ট সমাজ) বাস্তবায়নের অংশ হিসেবে। সুইডেন, ফিনল্যান্ড, নেদারল্যান্ডস, যুক্তরাজ্য, কানাডা, অস্ট্রেলিয়া, চীন ও দক্ষিণ কোরিয়ার মতো দেশগুলো ইতোমধ্যে নগদের ব্যবহার উল্লেখযোগ্যভাবে কমিয়ে ক্যাশলেস অর্থনীতির দৃষ্টান্ত স্থাপন করেছে।

### মোবাইল ব্যাংকিং (MFS) [***]

MFS-এর পূর্ণরূপ Mobile Financial Service। মোবাইল ব্যাংকিংকে বলা হয় P2P (Person to Person) সেবা। বাংলাদেশ ব্যাংক দেশে মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস চালু করে ২০১০ সালে। এরপর মোবাইল ফাইন্যান্সিয়াল সেবার জন্য নীতিমাল প্রণয়ন করে ২০১১ সালে। ২০১১ সালে দেশে প্রথম মোবাইল ব্যাংকিং কার্যক্রম শুরু করে ডাচ বাংলা ব্যাংক। বাংলাদেশ ব্যাংক দেশের অভ্যন্তরে MFS এর মাধ্যমে ক্যাশ ইন, ক্যাশ আউট, পারসন টু পারসন (P2P), পারসন টু বিজনেস (P2B), বিজনেস টু পারসন (B2P), পারসন টু গভর্নমেন্ট (P2G) এবং গভর্নমেন্ট টু পারসন (G2P) পেমেন্ট সেবা প্রদান

করার অনুমতি দিয়েছে। MFS সেবাযুক্ত দেশের প্রথম আর্থিক প্রতিষ্ঠান নগদ ফাইন্যান্স পিএলসি।

## ব্যাংকিং খাত সংস্কার [***]

- ব্যাংকিং খাত সংস্কারের জন্য বাংলাদেশ ব্যাংক রোডম্যাপ ঘোষণা করেছে– ৩ বছর মেয়াদী
- যে প্রতিষ্ঠানের সাথে চুক্তির অংশ হিসেবে রোডম্যাপ ঘোষণা করা হয়েছে– আন্তর্জাতিক মুদ্রা তহবিল (IMF)
- সংস্কার পরিকল্পনাকে সমর্থন ও অর্থায়নে আশ্বাস দিয়েছে– বিশ্বব্যাংক (World Bank) এবং এশীয় উন্নয়ন ব্যাংক (ADB)
- ব্যাংকিং খাত সংস্কার পরিকল্পনার মূল লক্ষ্য– আর্থিক স্থিতিশীলতা ফিরিয়ে আনা, খেলাপি ঋণের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ এবং ভবিষ্যতে ব্যাংক ব্যর্থতার দায় থেকে করদাতাদের সুরক্ষা দেওয়া
- প্রাথমিক পর্যায়ে তফসিলি ব্যাংকগুলোর প্রকৃত আর্থিক অবস্থা নিরূপণ করতে নিয়োগ দিয়েছে– আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন শ্রীলঙ্কাভিত্তিক দুই পরামর্শক প্রতিষ্ঠান 'কেপিএমজি' এবং 'ইআই'
- সংস্কারের অংশ হিসেবে গঠন করা হবে– Banking Sector Crisis Management Council (BCMC), ব্যাংকিং খাতের সঙ্কট মোকাবিলায় তদারক ও সমন্বয়ের জন্য
- IFRS 9 মানদন্ড বাস্তবায়ন করা হবে– ২০২৭ সালের মধ্যে
- IMF-এর ৫.৫ বিলিয়ন ডলারের কর্মসূচির আওতায় অর্থ ছাড়ের শর্ত– সংস্কার বাস্তবায়নের সাথে সরাসরি জড়িত
- সংস্কার পরিকল্পনাটি কমপক্ষে পাঁচটি ব্যাংক দিয়ে শুরু হবে– ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক, সোশ্যাল ইসলামী ব্যাংক, গ্লোবাল ইসলামী ব্যাংক, ইউনিয়ন ব্যাংক এবং এক্সিম ব্যাংক
- এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক ১.৫ বিলিয়ন ডলার পর্যন্ত অর্থায়ন করবে বলে আশা করা হচ্ছে, যেখানে বিশ্বব্যাংক ১ বিলিয়ন ডলার অবদান রাখতে পারে

## পাঁচ ব্যাংক একীভূতকরণ [***]

- **প্রস্তাবিত নাম:** 'ইউনাইটেড ইসলামিক ব্যাংক'
- **নতুন এই ব্যাংকের ধরন:** শরিয়াহভিত্তিক ব্যাংক
- **মালিকানা:** প্রাথমিকভাবে রাষ্ট্রমালিকানাধীন হবে (পরে পর্যায়ক্রমে মালিকানা বেসরকারি খাতে হস্তান্তর করা হবে)
- **একীভূত হওয়া পাঁচ ব্যাংক:** ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক, গ্লোবাল ইসলামী ব্যাংক, ইউনিয়ন ব্যাংক, এক্সিম ব্যাংক ও সোশ্যাল ইসলামী ব্যাংক
- **মোট গ্রাহক:** ৯২ লাখ
- **কর্মী সংখ্যা:** ১৫,০০০
- **খেলাপী ঋণ:** প্রায় ১,৪৭,০০০ কোটি টাকা
- **মোট ঋণের খেলাপী:** ৭৭%
- **অনুমোদিত মূলধন:** ৪০ হাজার কোটি টাকা
- **পরিশোধিত মূলধন:** ৩৫ হাজার কোটি টাকা (সরকার দেবে ২০ হাজার কোটি টাকা– ১০ হাজার কোটি টাকা নগদে এবং বাকি ১০ হাজার কোটি সুকুক বন্ডে)
- **প্রশাসক নিয়োগ:** ব্যাংকটি সরকারের প্রতিশ্রুত ২০ হাজার কোটি টাকা মূলধন পেলে পাঁচ ব্যাংকে প্রশাসক বসাবে বাংলাদেশ ব্যাংক। এ পর্যায়ে পাঁচ ব্যাংককে অধিগ্রহণ করে নেবে নতুন ব্যাংক। বদলে যাবে পাঁচ ব্যাংকের সাইনবোর্ডও।
- **একীভূতকরণ প্রক্রিয়া সম্পন্ন করতে প্রয়োজন:** ৩৫,২০০ কোটি টাকা
- **নতুন ব্যাংকের কার্যক্রম শুরু হবে:** নভেম্বর ২০২৫

## বাংলাদেশ ব্যাংক অর্ডার ২০২৫ [***]

- বর্তমানে বাংলাদেশ ব্যাংক যে আইনের মাধ্যমে পরিচালিত হচ্ছে– বাংলাদেশ ব্যাংক অর্ডার, ১৯৭২
- খসড়া বাংলাদেশ ব্যাংক অর্ডার, ২০২৫ জারির লক্ষ্যমাত্রা– আগামী ডিসেম্বরের (২০২৫) মধ্যে
- খসড়ার কারিগরি সহায়তা দিচ্ছে– আইএমএফ
- খসড়ার আইনি পরামর্শ দিচ্ছে– ড. কামাল হোসেন অ্যান্ড অ্যাসোসিয়েটস ও বিদেশি একটি পরামর্শক প্রতিষ্ঠান
- খসড়ায় বলা হয়েছে, বাংলাদেশ ব্যাংক কেবল জবাবদিহি করবে– জাতীয় সংসদের কাছে
- প্রস্তাবিত বাংলাদেশ ব্যাংক অর্ডার, ২০২৫ অনুমোদিত হলে বাংলাদেশ ব্যাংক হবে– সাংবিধানিক প্রতিষ্ঠান
- নতুন অর্ডারের মূল লক্ষ্য– প্রশাসনিক ও আর্থিক স্বায়ত্তশাসন নিশ্চিত করা এবং বাংলাদেশ ব্যাংককে সাংবিধানিক ও স্বাধীন প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলা
- নতুন পরিচালনা পর্ষদে কয়জন সদস্য থাকবেন– ৮ জন
- নতুন পরিচালনা পর্ষদের চেয়ারম্যান হবেন– গভর্নর
- গভর্নরের পদমর্যাদা হবে– মন্ত্রী পদমর্যাদার
- গভর্নর নিয়োগের প্রক্রিয়া হবে– প্রধানমন্ত্রীর সুপারিশে, সংসদের অনুমোদন নিয়ে রাষ্ট্রপতি নিয়োগ দেবেন
- পরিচালক নিয়োগের জন্য প্রার্থীর ন্যূনতম অভিজ্ঞতা হতে হবে– কমপক্ষে ১৫ বছর

## ব্রিজ ব্যাংক [**]

- ব্রিজ ব্যাংক হলো– অস্থায়ী ব্যাংক (Temporary Bank)
| Nominal GNP | বর্তমান বাজার মূল্যে GNP। |
| Real GNP | ভিত্তিবর্ষের বাজার মূল্যে (অথবা স্থির মূল্যে) GNP। |
| Growth Rate | এক বছরে যে পরিমাণ উৎপাদন বা আয় হয়েছে, তা আগের বছরের তুলনায় কত শতাংশ বেড়েছে—সেটিই গ্রোথ রেট (Growth Rate)। গ্রোথ রেট হলো একটি দেশের অর্থনীতি কতটা দ্রুত বড় হচ্ছে তার পরিমাপ। গ্রোথ রেট যত বেশি হবে, দেশের উন্নতি তত দ্রুত হচ্ছে বোঝায়।<br>$\text{Growth Rate} = \frac{\text{বর্তমান বছরের জিডিপি - পূর্ববর্তী বছরের জিডিপি}}{\text{পূর্ববর্তী বছরের জিডিপি}} \times ১০০$<br>বর্তমানে (২০২৪-২৫ অর্থবছরের চূড়ান্ত হিসাবে) জিডিপি'র প্রবৃদ্ধির হার ৩.৬৯% এবং ২০২৫-২৬ অর্থবছরে জিডিপি প্রবৃদ্ধির লক্ষ্যমাত্রা ৫.৫%। |
| মাথাপিছু আয় [***] | দেশের মোট ব্যক্তিগত আয়কে মোট জনসংখ্যা দিয়ে ভাগ করলে যে পরিমাণ পাওয়া যায়, তাকে Per Capita Income (মাথাপিছু আয়) বলা হয়। বর্তমানে (২০২৪-২৫ অর্থবছরে) মাথাপিছু জাতীয় আয় ২৮২০ মার্কিন ডলার। [সূত্রঃ বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০২৪] |
| Inflation (মূল্যস্ফীতি) [***] | বাজারে মুদ্রার পরিমাণ বেড়ে গেলে এবং পণ্যের সরবরাহ কমে গেলে মূল্যস্ফীতি (Inflation) ঘটে। আরো সহজ করে বললে মূল্যস্ফীতি তখন ঘটে, যখন সময়ের সঙ্গে জিনিসপত্রের দাম বাড়ে। ফলে টাকার মান কমে যায়। মূল্যস্ফীতি হলে মানুষের ক্রয়ক্ষমতা হ্রাস পায়, উৎপাদন ব্যয় বৃদ্ধি পায়, আয়ের বণ্টনে বৈষম্য হয়। বর্তমানে দেশে মূল্যস্ফীতির ভিত্তি বছর ২০২১-২২ (এর আগে ছিল ২০০৫-০৬ এবং প্রথমবার ছিল ১৯৭৩-৭৪)। ২০২৪-২৫ অর্থবছরে জাতীয় পর্যায়ে মূল্যস্ফীতির হার ছিল ১০.০৩% (যা দক্ষিণ এশিয়ায় সর্বোচ্চ)। |
| Deflation (মুদ্রা সংকোচন) | মূল্যস্ফীতির বিপরীত হলো মূল্যহ্রাস। বাজারে পণ্যের সরবরাহ মুদ্রার সরবরাহের চেয়ে বেশি হলে মূল্যহ্রাস ঘটে। |
| Stagflation (নিশ্চলতা-স্ফীতি) | স্ট্যাগফ্লেশন (Stagflation) হলো একটি অর্থনৈতিক অবস্থা যেখানে একই সঙ্গে উচ্চ মুদ্রাস্ফীতি, স্থবির অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং উচ্চ বেকারত্ব দেখা যায়। সাধারণত মুদ্রাস্ফীতি বাড়লে প্রবৃদ্ধিও বাড়ে, কিন্তু স্ট্যাগফ্লেশনে উল্টো চিত্র দেখা যায়। ১৯৬০-এর দশকে ব্রিটিশ রাজনীতিবিদ ইয়ান ম্যাক্লিওড প্রথম এই শব্দটি ব্যবহার করেন। |
| Devaluation (মুদ্রা অবমূল্যায়ন) [***] | ডলারের বিপরীতে একটি মুদ্রার মান কমে গেলে তাকে মুদ্রা অবমূল্যায়ন বলে। মুদ্রা অবমূল্যায়নের ফলে রপ্তানি বৃদ্ধি পায় এবং আমদানি কমে যায়। |
| জাতীয় আয় পরিমাপের পদ্ধতি [**] | যে প্রক্রিয়ায় জাতীয় আয়ের হিসাব নিরূপণ করা হয়, তাকে জাতীয় আয়ের পরিমাপ পদ্ধতি বলা যায়। সাধারণত তিনটি পদ্ধতিতে জাতীয় আয় পরিমাপ করা হয়।<br>**ক) উৎপাদন পদ্ধতি (Production Method):** এ পদ্ধতি অনুযায়ী জাতীয় আয় পরিমাপে কোনো নির্দিষ্ট সময়ে একটি দেশে উৎপাদিত সব বস্তুগত ও অবস্তুগত দ্রব্যসামগ্রী ও সেবাকর্মের আর্থিক মূল্যকে ধরা হয়। |

| | |
|---|---|
| | **খ) আয় পদ্ধতি (Income Method):** এ পদ্ধতিতে উৎপাদন কাজে নিযুক্ত বিভিন্ন উৎপাদনের উপাদানগুলো এক বছরে যে অর্থ উপার্জন করে, তার সামষ্টিক পরিমাপ থেকে জাতীয় আয় পাওয়া যায়।<br>**গ) ব্যয় পদ্ধতি (Expenditure Method):** ব্যয় পদ্ধতি অনুযায়ী কোনো নির্দিষ্ট সময়ে সমাজের সব ব্যয়ের যোগফল থেকে জাতীয় আয় পাওয়া যায়। |
| **জাতীয় আয় পরিমাপের বিভিন্ন খাত [**]** | বাংলাদেশের জাতীয় আয় গণনায় দেশের অর্থনীতিকে ৩টি বৃহৎ খাতে বিভক্ত করা হয়। যথা: কৃষি, শিল্প ও সেবা খাত। এছাড়া উৎপাদন পদ্ধতিতে সার্বিকভাবে ১৯টি উপখাতকে কেন্দ্র করে জাতীয় আয় (National Income) বা জিডিপি পরিমাপ করা হয়। ১৯টি উপখাতের মধ্যে কৃষিতে ১টি, শিল্পে ৫টি এবং সেবা খাতে ১৩টি। জিডিপিতে সবচেয়ে বেশি অবদান সেবা খাতের (২য় শিল্প, ৩য় কৃষি)। জিডিপি প্রবৃদ্ধিতে শীর্ষে শিল্প খাত (২য় কৃষি, ৩য় শিল্প)। তবে একক খাত হিসেবে জিডিপিতে সবচেয়ে বেশি অবদান ম্যানুফ্যাকচারিং খাতের। বর্তমানে জিডিপি গণনার ভিত্তি বছর ২০১৫-১৬ এবং জিডিপি গণনার মোট খাত ১৯টি। এর আগে ২০০৫-০৬ ভিত্তি বছরে জিডিপি গণনার খাত ছিল ১৫টি। |

## GDP এবং GNP এর মধ্যে পার্থক্য [**]

| GDP | GNP |
|---|---|
| একটি দেশের অভ্যন্তরে এক বছরে চূড়ান্তভাবে উৎপাদিত দ্রব্য ও সেবার সামষ্টিক মূল্যকে মোট দেশজ উৎপাদন (Gross Domestic Product) বা জিডিপি বলে। | কোনো নির্দিষ্ট সময়ে (সাধারণত এক বছরে) দেশের নাগরিকদের দেশ ও বিদেশে উৎপাদিত সকল পণ্য ও সেবার মোট আর্থিক মূল্যকে মোট জাতীয় উৎপাদন (GNP) বলে। |
| জিডিপিতে শুধু দেশীয় আয় অন্তর্ভুক্ত হয়। | জিএনপিতে দেশীয় এবং প্রবাসীদের আয় (রেমিট্যান্স) উভয়ই অন্তর্ভুক্ত হয়। |
| জিডিপিতে দেশে কর্মরত বিদেশীদের আয় অন্তর্ভুক্ত হয়। | জিএনপিতে দেশে কর্মরত বিদেশীদের আয় অন্তর্ভুক্ত হয় না। |

## বাংলাদেশের অর্থনীতি [**]

- বাংলাদেশের অর্থনৈতিক ব্যবস্থা হলো– মিশ্র অর্থনীতি (Mixed Economy)
- বাংলাদেশে মুক্ত বাজার অর্থনীতি চালু হয়– ১৯৯১ সালে
- মুক্ত বাজার অর্থনীতিতে বিশ্বের শীর্ষ দেশ– হংকং
- প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনা গ্রহণ করেছিলেন– রাশিয়ার সাবেক প্রেসিডেন্ট Joseph Stalin (১৯২১ সালে)
- পাঁচবার্ষিক পরিকল্পনার প্রবর্তক হলো– জোসেফ স্টালিন
- বাংলাদেশে মোট উন্নয়ন পরিকল্পনার সংখ্যা হলো– ১১টি (৮টি পাঁচবার্ষিক পরিকল্পনা, ২টি দারিদ্র্য বিমোচন কৌশলপত্র এবং ১টি দ্বিবার্ষিক উন্নয়ন পরিকল্পনা)

## বাংলাদেশের বাজেট [**]

- 'Budget' শব্দটির উৎপত্তি– ফরাসি শব্দ 'Bougette' থেকে (অর্থ: চামড়ার ব্যাগ)
- বিশ্বের প্রথম বাজেট উপস্থাপন করা হয়– যুক্তরাজ্যের সংসদে (Sir Robert Walpole কর্তৃক, ১৭৩৩ সালে)
- বাংলাদেশের প্রথম বাজেট ঘোষণা করেন– তাজউদ্দিন আহমদ, মোট ৩ বার (প্রথমবার: ৩০ জুন ১৯৭২)
- বাংলাদেশ সরকার সাধারণত যে বাজেট প্রণয়ন করে– ঘাটতির বাজেট
- বাংলাদেশে সবচেয়ে বেশি বার বাজেট উপস্থাপনকারী হলো– এম. সাইফুর রহমান (১২ বার) ও আবুল মাল আব্দুল মুহিত (১২ বার)
- একটি নির্দিষ্ট অর্থবছরে সরকারের আয় ও ব্যয়ের প্রাক্কলনকে বলা হয়– বাজেট
- বাজেটের কথা উল্লেখ আছে– সংবিধানের ৮৭ নং অনুচ্ছেদে
- বাজেটকে সংবিধানে বলা হয়– বাৎসরিক আর্থিক বিবরণী (Annual Financial Statement)
- সংবিধানে 'বাজেট' শব্দটির উল্লেখ আছে– ৬০ নং অনুচ্ছেদে
- উপমহাদেশে প্রথম বাজেট ঘোষণা করেন– লর্ড ক্যানিং (১৮৬১ সালে)
- বাংলাদেশে অর্থবছরের সময়কাল– ১ জুলাই-৩০ জুন (উল্লেখ আছে: সংবিধানের ১৫২ নং অনুচ্ছেদে)
- বাজেট ঘাটতি দূর করার উৎস– ২টি (অভ্যন্তরীণ উৎস ও বহিরাগত উৎস)
- অভ্যন্তরীণ উৎস হলো– বাংলাদেশ ব্যাংক থেকে ঋণ নিয়ে এবং সঞ্চয় বা ঋণপত্র তথা বন্ড বিক্রি করে
- বহিরাগত উৎসের মধ্যে রয়েছে– বৈদেশিক ঋণ, বৈদেশিক সাহায্য ও বৈদেশিক অনুদান

## সরকারের রাজস্ব আয় [**]

### জাতীয় রাজস্ব বোর্ড (NBR) [**]

- কর সংগ্রহের দায়িত্বপ্রাপ্ত প্রতিষ্ঠান– জাতীয় রাজস্ব বোর্ড
- বাংলাদেশে কর প্রশাসনের সর্বোচ্চ কর্তৃপক্ষ হলো– NBR
- NBR প্রতিষ্ঠিত হয়– ১৯৭২ সালে
- NBR-এর প্রধান নির্বাহীর পদবী হলো– চেয়ারম্যান

- NBR-এর বিভাগসমূহ– ৩টি (Customs, Income Tax and VAT)

## করের প্রকারভেদ [**]

➢ কর প্রধানত দুই প্রকার: প্রত্যক্ষ কর ও পরোক্ষ কর

| | |
|---|---|
| প্রত্যক্ষ কর [**] | নাগরিকদের আয় ও সম্পত্তির উপর সরকারের দ্বারা সংগ্রহ করা রাজস্বকে সরাসরি কর (Direct Tax) বলা হয়। |
| | **উদাহরণ:** Income Tax, Corporate Tax, Land Development Tax, Non-Judicial Stamp etc. |
| পরোক্ষ কর [**] | পণ্য ও সেবার উৎপাদন ও বিক্রি, আমদানি ও রপ্তানি এবং অভ্যন্তরীণ বাণিজ্যের ওপর আরোপিত করকে পরোক্ষ কর (Indirect Tax) বলা হয়। |
| | **উদাহরণ:** Value Added Tax (VAT), sales tax, import duty, excise duty, supplementary duty etc. |

## মূল্য সংযোজন কর [***]

- বিশ্বে সর্বপ্রথম ভ্যাট চালু হয়– জার্মানিতে (১৯২২ সালে)
- বাংলাদেশ সরকারের সর্বোচ্চ আয়ের উৎস– মূল্য সংযোজন কর (VAT)
- ভ্যাট বাংলাদেশে চালু হয়– ১ জুলাই ১৯৯১
- বাংলাদেশে স্ট্যান্ডার্ড ভ্যাটের হার– ১৫%
- বর্তমান করমুক্ত আয়ের সীমা– ৩.৫ লাখ টাকা
- দক্ষিণ এশিয়ার দেশসমূহের মধ্যে ভ্যাটের হার বেশি– বাংলাদেশে

| কর সম্পর্কিত দিবসসমূহ [**] | |
|---|---|
| National Tax Day | ৩০ অক্টোবর |
| Income Tax Day | ৩০ নভেম্বর |
| VAT Day | ১০ ডিসেম্বর |
| International Customs Day | ২৬ জানুয়ারি |

## কর শনাক্তকরণ নম্বর (TIN) [**]

- কর প্রদানের জন্য ই-পেমেন্ট সিস্টেম চালু হয়– ২০১২
- TIN-এর পূর্ণরূপ– Taxpayers Identification Number (১৯৯৩ সালে চালু হয়)
- e-TIN এর পূর্ণরূপ– Electronic Tax Identification Number
- আয়কর নিবন্ধনের আধুনিক সংস্করণ– e-TIN
- ১২ ডিজিটের e-TIN পদ্ধতি চালু হয়– ২০১৩ সালে
- e-TIN হেল্পলাইন হলো– ৩৩৩
- e-TIN নিবন্ধন নম্বরের সংখ্যা– ১২টি
- e-BIN (ইলেকট্রনিক বিজনেস আইডেন্টিফিকেশন নাম্বার) বাধ্যতামূলক– ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলোর জন্য
- e-BIN-এর নিবন্ধন নম্বরের সংখ্যা– ১৩টি

## BIDA [**]

- **পূর্ণরূপ:** Bangladesh Investment Development Authority
- **প্রতিষ্ঠা:** ১ সেপ্টেম্বর, ২০১৬
- **অবস্থান:** আগারগাঁও, ঢাকা
- **চেয়ারম্যান:** প্রধান উপদেষ্টা প্রফেসর ড. মুহাম্মদ ইউনুস
- **নির্বাহী চেয়ারম্যান:** চৌধুরী আশিক মাহমুদ বিন হারুন (প্রতিমন্ত্রীর পদমর্যাদা)
- **নিয়ন্ত্রক কর্তৃপক্ষ:** প্রধান উপদেষ্টার কার্যালয়
- **কার্যক্রম:** বিনিয়োগ প্রচার, বিনিয়োগ সহজীকরণ এবং পলিসি অ্যাডভোকেসি

## Bangladesh Planning Commision

- **প্রতিষ্ঠা:** ১৯৭২ সালে
- **চেয়ারম্যান:** প্রধান উপদেষ্টা মুহাম্মদ ইউনুস
- **বিকল্প চেয়ারম্যান:** অর্থমন্ত্রী/অর্থ উপদেষ্টা
- **উপ-চেয়ারম্যান:** পরিকল্পনা উপদেষ্টা
- **কার্যক্রম:**
  ক. পাঁচ বছরের অর্থনৈতিক পরিকল্পনা প্রণয়ন
  খ. ৩ বছরের রোলিং বিনিয়োগ কর্মসূচি (TYRIP) প্রণয়ন
  গ. দারিদ্র্য হ্রাস কৌশল কাগজ (PRSP) প্রণয়ন
  ঘ. বার্ষিক উন্নয়ন কর্মসূচি (ADP) প্রস্তুতি

## ECNEC [**]

- পূর্ণরূপ: Executive Committee of the National Economic Council (জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি)
- **প্রতিষ্ঠা:** ১৯৮২ সালে
- **চেয়ারম্যান:** প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টা
- **আহ্বায়ক:** প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টা
- **বিকল্প চেয়ারম্যান:** অর্থমন্ত্রী/অর্থ উপদেষ্টা
- **বিশেষত্ব:** বাংলাদেশে অর্থনৈতিক নীতি ও উন্নয়ন পরিকল্পনা অনুমোদনের সর্বোচ্চ কর্তৃপক্ষ হলো একনেক।

| উন্নয়ন পরিকল্পনা বা পঞ্চবার্ষিক পরিকল্পনা | |
|---|---|
| Formulated by | GED |
| Approved by | NEC |
| Implemented by | ECNEC |
| Financed by | Ministry of Finance |

*[GED = General Economic Division]*

## NEC [**]

- **প্রতিষ্ঠা:** ১৯৮২ সালে
- **চেয়ারম্যান:** প্রধানমন্ত্রী (বর্তমানে প্রধান উপদেষ্টা)
- **আহ্বায়ক:** প্রধান উপদেষ্টা (বর্তমানে প্রধান উপদেষ্টা)
- **বিকল্প চেয়ারম্যান:** অর্থমন্ত্রী (বর্তমানে অর্থ উপদেষ্টা)

- **কার্যাবলি:** জাতীয় অর্থনৈতিক পরিষদ দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রণয়ন করে। যেমন: পাঁচ বছর মেয়াদি পরিকল্পনা, বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)

## চতুর্থ অর্থনৈতিক শুমারি ২০২৪

- **শুমারিকাল:** ১০-২৬ ডিসেম্বর ২০২৪
- **আয়োজন:** চতুর্থ (ক্যাপিং পদ্ধতিতে)
- **স্লোগান:** অর্থনৈতিক শুমারিতে তথ্য দিন, নতুন বাংলাদেশ বিনির্মাণে অংশ নিন
- **তথ্য সংগ্রহকারী:** ৯৫ হাজার
- **ইউনিট চিহ্নিত:** ১ কোটি ২২ লাখ
- **শুমারি পরিচালনা:** বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

*সূত্র: বিবিএস; প্রকাশকাল: ১১ ফেব্রুয়ারি ২০২৫*

> অর্থনৈতিক শুমারি অনুষ্ঠিত হয় ১০ বছর অন্তর। প্রথম অর্থনৈতিক শুমারি অনুষ্ঠিত হয় ১৯৮৬ সালে।

## পঞ্চবার্ষিকী পরিকল্পনা

- এ যাবৎ মোট পঞ্চবার্ষিকী পরিকল্পনা গৃহীত হয়েছে– ৮টি
- ৮টি পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে বাস্তবায়িত হয়েছে– ৭টি
- বর্তমানে বাস্তবায়নাধীন আছে– ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা

## ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা

| | |
|---|---|
| সময়কাল | জুলাই ২০২০-জুন ২০২৫ |
| জিডিপি প্রবৃদ্ধির লক্ষ্যমাত্রা | ৮.৫১% |
| মাথাপিছু আয়ের লক্ষ্য | ৩১০৬ মার্কিন ডলার |
| কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্য | ১ কোটি ১৩ লাখ |
| কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্য | ১ কোটি ১৩ লাখ |
| গড় জিডিপি প্রবৃদ্ধির লক্ষ্য | ৮.৫১% |
| মাথাপিছু আয়ের লক্ষ্য | ৩১০৬ মার্কিন ডলার |
| বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যমাত্রা | ৩০,০০০ মেগাওয়াট |

## কর সম্পর্কিত পরিভাষা [**]

| করের নাম | সংজ্ঞা |
|---|---|
| কর অবকাশ (Tax Holiday) [**] | সাময়িকভাবে ট্যাক্স মওকুফ (Temporary tax exemption) হলো ট্যাক্স হলিডে। একটি নির্দিষ্ট সময়ের জন্য কোনো কোম্পানি বা শিল্প খাতকে তাদের আয়ের উপর ধার্য কর (ট্যাক্স) থেকে অব্যাহতি দেওয়া। সাধারণত সরকার কর্তৃক বিনিয়োগ আকৃষ্ট করা, নতুন শিল্প স্থাপন উৎসাহিত করা অথবা কোনো নির্দিষ্ট অঞ্চলের অর্থনৈতিক উন্নয়নে সহায়তার জন্য ট্যাক্স হলিডে দেয়া হয়। |
| আয়কর রিটার্ন (Income Tax Return) [**] | আয়কর কর্তৃপক্ষের নিকট একজন করদাতার বার্ষিক আয়, ব্যয় এবং সম্পদের তথ্যাবলী নির্ধারিত ফরমে উপস্থাপন করা। |
| কর রেয়াত (Tax Rebate) | এক ধরণের কর অব্যাহতি। কোনো করদাতার গ্রস করদায়ের বিপরীতে আইনানুযায়ী ছাড় প্রাপ্তির বিষয়টি হচ্ছে কর রেয়াত। |
| আয়কর (Income Tax) | কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের আয়ের উপর ধার্যকৃত কর। |
| আবগারি শুল্ক (Excise Duty) [**] | দেশীয় উৎপাদিত কিছু পণ্য বা দ্রব্যের উপর সরকার আরোপিত অভ্যন্তরীণ কর। যেমন- তামাক, চিনি, চা, সিগারেট, দেশীয় মদের উপর সরকারী শুল্ক। |
| পাপ কর (Sin Tax) | এমন পণ্যের উপর কর যা স্বাস্থ্য বা সমাজের জন্য ক্ষতিকর ধরা হয়। যেমন- সিগারেট, মদ্যপান, জুয়া। এটিও এক ধরনের আবগারি শুল্ক। |
| সম্পূরক শুল্ক (Supplementary Duty) | বিভিন্ন প্রকার পরোক্ষ কর ছাড়াও অতিরিক্ত যে কর আরোপ করা হয় তাকে সম্পূরক শুল্ক বলা হয়। যেমন- সিগারেট, সফট ড্রিঙ্কস, এয়ার কন্ডিশনার। |
| টার্নওভার কর (Turnover Tax) | বছরে উৎপাদিত পণ্য ও সেবার মোট বিক্রয়মূল্যের উপর আরোপিত কর। যেমন- ছোট ব্যবসার বার্ষিক বিক্রয়ের উপর ৪% কর। |
| মাশুল (Toll) | পণ্য পরিবহনে বন্দর, সড়ক বা স্থান ব্যবহারের জন্য যে কর নেয়া হয়। যেমন- সেতু/মহাসড়ক পারাপারে টোল ফি। |
| টার্নওভার কর (Turnover Tax) | বছরে উৎপাদিত পণ্য ও সেবার মোট বিক্রয়মূল্যের উপর আরোপিত কর। যেমন- ছোট ব্যবসার বার্ষিক বিক্রয়ের উপর ৪% কর। |

## জাতীয় বাজেট ২০২৫-২৬ [***]

| | |
|---|---|
| বাজেট | ৫৪তম (১টি অন্তর্বর্তীকালীন বাজেটসহ ৫৫তম) |
| ধরন | ঘাটতি বাজেট |
| স্লোগান | বৈষম্যহীন ও টেকসই অর্থনৈতিক ব্যবস্থা গড়ার প্রত্যয় |
| ঘোষক | অর্থ উপদেষ্টা ড. সালেহউদ্দিন আহমেদ |
| ঘোষণা | ২ জুন ২০২৫ |
| পাশ | ২২ জুন ২০২৫ |
| কার্যকর | ১ জুলাই ২০২৫ |

| | |
|---|---|
| **মোট বাজেট** | ৭,৯০,০০০ কোটি টাকা (জিডিপির ১২.৭০%) |
| উন্নয়ন বাজেট | ২,৪৫,৬০৯ কোটি টাকা |
| অনুন্নয়ন বাজেট | ৫,৪৪,৩৯১ কোটি টাকা |
| **বার্ষিক উন্নয়ন কর্মসূচি** | ২,৩০,০০০ কোটি টাকা (জিডিপির ৩.৭%) |
| **রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা:** | ৫,৬৪,০০০ কোটি টাকা (জিডিপি'র ৯%) |
| এনবিআর কর্তৃক রাজস্ব আয়ের লক্ষ্য | ৪,৯৯,০০০ কোটি টাকা |
| এনবিআর বহির্ভূত কর | ১৯,০০০ কোটি টাকা |
| কর ব্যতীত আয় | ৪৬,০০০ কোটি টাকা |
| **মোট ঘাটতি বাজেট:** | |
| অনুদান ব্যতীত | ২,২৬,০০০ কোটি টাকা (জিডিপির ৩.৬%) |
| অনুদানসহ | ২,২১,০০০ কোটি টাকা (জিডিপির ৩.৫%) |
| **বাজেট ঘাটতি পূরণ:** | |
| অভ্যন্তরীণ উৎস | ১,২৫,০০০ কোটি |
| বৈদেশিক উৎস | ৯৬,০০০ কোটি |
| **জিডিপির আকার** | ৬২.৪৫ ট্রিলিয়ন টাকা |
| **জিডিপি ঘাটতি** | ৪.২৫% |
| **অভিন্ন ভ্যাট হার** | ১৫% |
| **সর্বোচ্চ বরাদ্দপ্রাপ্ত খাত** (পরিচালন ও উন্নয়ন বাজেটে) | জনপ্রশাসন ১,৮৬,০৮৮ কোটি টাকা (বাজেটের ২৩.৫৬%) |
| **উন্নয়ন বাজেটে সর্বোচ্চ বরাদ্দপ্রাপ্ত খাত** | পরিবহন ও যোগাযোগ ৫৮,৯৭৩ কোটি টাকা |
| **অনুন্নয়ন (পরিচালনা) বাজেটে সর্বোচ্চ বরাদ্দ** | সুদ ১,২২,০০০ কোটি টাকা |

**বাজেটে লক্ষ্যমাত্রা (প্রাক্কলন)**

| জিডিপি'র প্রবৃদ্ধির হার | মুদ্রাস্ফীতি |
|---|---|
| ৫.৫ শতাংশ | ৬.৫ শতাংশ |

**করমুক্ত আয়সীমা**
(করবর্ষ: ২০২৫-২৬)

| করদাতার ধরন | করমুক্ত আয়সীমা |
|---|---|
| সাধারণ ব্যক্তিশ্রেণি | ৩,৫০,০০০ টাকা |
| মহিলা ও ৬৫ বছর বা তদূর্ধ্ব | ৪,০০,০০০ টাকা |
| প্রতিবন্ধী | ৪,৭৫,০০০ টাকা |
| গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা | ৫,০০,০০০ টাকা |
| তৃতীয় লিঙ্গ | ৪,৭৫,০০০ টাকা |

**করমুক্ত আয়সীমা**
(করবর্ষ: ২০২৬-২৭ ও ২০২৭-২৮)

| করদাতার ধরন | করমুক্ত আয়সীমা |
|---|---|
| সাধারণ ব্যক্তিশ্রেণি | ৩,৭৫,০০০ টাকা |
| মহিলা ও ৬৫ বছর বা তদূর্ধ্ব | ৪,২৫,০০০ টাকা |
| প্রতিবন্ধী | ৫,০০,০০০ টাকা |
| গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা | ৫,২৫,০০০ টাকা |
| গেজেটভুক্ত জুলাই যোদ্ধা | ৫,২৫,০০০ টাকা |
| তৃতীয় লিঙ্গ | ৫,০০,০০০ টাকা |

**বাজেটের উল্লেখযোগ্য দিক**

- ২০২৫-২৬ অর্থবছরের বাজেটে সার্বিকভাবে (পরিচালন ও উন্নয়ন) সর্বোচ্চ বরাদ্দ পাওয়া তিনটি খাত যথাক্রমে ১. জনপ্রশাসন (১,৮৬,০৮৮ কোটি টাকা, বাজেটের ২৩.৫৬%) ২. শিক্ষা ও প্রযুক্তি (১,১০,৬৫৭ কোটি টাকা, বাজেটের ১৪%) ৩. পরিবহন ও যোগাযোগ (৭১,৩৪৪ কোটি টাকা, বাজেটের ৯.০৩%)
- ২০২৫-২৬ অর্থবছরের এডিপিতে (উন্নয়ন বাজেটে) সর্বোচ্চ বরাদ্দপ্রাপ্ত খাত পরিবহন ও যোগাযোগ (২য় বিদ্যুৎ ও জ্বালানি খাত, ৩য় শিক্ষা খাত)
- ২০২৫-২৬ অর্থবছরের এডিপিতে মোট প্রকল্প রয়েছে ১,১৭১টি
- ২০২৫-২৬ অর্থবছরে বেসরকারি বিনিয়োগ বাড়াতে সরকারি-বেসরকারি অংশীদারিত্ব (PPP) তহবিল হিসেবে বরাদ্দের পরিমাণ ৫ হাজার ৪০ কোটি টাকা (বাংলাদেশে প্রথম PPP গ্রহণ করা হয় ২০০৯-১০ অর্থবছরে)
- জুলাই গণঅভ্যুত্থানে শহীদ পরিবার ও আহতদের জন্য বরাদ্দের পরিমাণ ৪০৫ কোটি ২০ লাখ টাকা
- কৃষিতে ভর্তুকির পরিমাণ ১৭,২৪১ কোটি টাকা
- ভর্তুকি ও প্রণোদনা বাবদ বরাদ্দের পরিমাণ ৮৯,১৬২ কোটি টাকা এবং বেতন-ভাতা বাবদ বরাদ্দ ৯৭,০০০ কোটি টাকা
- জাতীয় পেনশন কর্তৃপক্ষের আয় এবং জাতীয় পেনশন কর্তৃপক্ষের সার্বজনীন পেনশন স্কিম হতে প্রাপ্ত সুবিধাভোগীর আয় করমুক্ত থাকবে
- বাজেটে সবচেয়ে বেশি ব্যয় ধরা হয়েছে বিদেশি ঋণের সুদ পরিশোধে (১,২২,০০০ কোটি টাকা), যা রাজস্ব বাজেটের ২২.৪%

- বাজেটে সবচেয়ে বেশি আয় হবে বলে ধরা হয়েছে মূল্য | সংযোজন কর (১,৮৮,৫১৮ কোটি টাকা)

## বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০২৪ [***]

| সূচক | ২০২৪ |
|---|---|
| **সাধারণ জনমিতিক পরিসংখ্যান** | |
| মোট জনসংখ্যা (কোটি) | ১৭.১০ |
| জনসংখ্যা বৃদ্ধির হার (%) | ১.৩৩ |
| জনসংখ্যার ঘনত্ব/বর্গ কিমি (জন) | ১১৭১ |
| পুরুষ-মহিলা অনুপাত | ৯৬.৩ : ১০০ |
| **মৌলিক জনমিতিক পরিসংখ্যান** | |
| প্রত্যাশিত গড় আয়ুষ্কাল (বছর) | ৭২.৩ |
| পুরুষ | ৭০.৮ |
| মহিলা | ৭৩.৮ |
| বিবাহে গড় বয়স পুরুষ (বছর) | ২৫.৪ |
| বিবাহে গড় বয়স মহিলা (বছর) | ১৮.৮ |
| স্থুল জন্মহার [প্রতি হাজারে] | ১৯.৪ |
| স্থুল মৃত্যুহার [প্রতি হাজারে] | ৬.১ |
| শিশু মৃত্যুহার [প্রতি হাজারে, ১ বছরের কম বয়সী] (জন) | ২৭ |
| **সামাজিক সেবা (%)** | |
| ডাক্তার-জনসংখ্যার অনুপাত | ১ : ১৭২৪ |
| সুপেয় পানি গ্রহণকারী (%) | ৯৮.২ |
| স্বাস্থ্যসম্মত পায়খানা ব্যবহারকারী | ৯৩.৬৩ |
| সাক্ষরতার হার (৭ বছর+) | ৭৭.৯ |
| পুরুষ | ৮০.১ |
| মহিলা | ৭৫.৮ |
| **শ্রমশক্তি ও কর্মসংস্থান (কোটি)** | |
| মোট শ্রমশক্তি (১৫ বছর+) | ৭.৩৫ |
| পুরুষ | ৪.৮০ |
| নারী | ২.৫৫ |
| খাতভিত্তিক শ্রমশক্তির হার (%) | |
| কৃষি | ৪৫.০০ |
| শিল্প | ১৭.০০ |
| সেবা | ৩৮ |

| দারিদ্র্য পরিস্থিতি (%) | |
|---|---|
| দারিদ্র্য হার | ১৮.৭% |
| অতি দারিদ্র্য হার | ৫.৬% |
| **পরিবহন (কিলোমিটার)** | |
| মোট সড়ক | ২২,৪৭৬ |
| জাতীয় মহাসড়ক | ৩,৯৯১ |
| আঞ্চলিক মহাসড়ক | ৪,৮৯৮ |
| জেলা সড়ক | ১৩,৫৮৭ |
| রেলওয়ের দৈর্ঘ্য | ৩,২৫৪ |
| **মোট দেশজ উৎপাদন (জিডিপি)** | |
| মোট জিডিপি (কোটি টাকা) | ৫০,৪৮,০২৭ |
| মাথাপিছু জিডিপি (ডলার) | ২৬৭৫ |
| মাথাপিছু জিডিপি (টাকা) | ২,৯৪,১৯১ |
| মাথাপিছু আয় (ডলার) | ২৭৮৪ |
| মাথাপিছু আয় (টাকা) | ৩,০৬,১৪৪ |
| জিডিপি'র প্রবৃদ্ধির হার (%) | ৫.৮২ |
| মুদ্রাস্ফীতির হার [পয়েন্ট টু পয়েন্ট] | ৯.৭৪% |
| রপ্তানি আয় (মিলিয়ন ডলার) | ৪০,৮৭৫ |
| আমদানি ব্যয় (মিলিয়ন ডলার) | ৪৫,৬২০ |
| প্রবাসী আয় (বিলিয়ন ডলার) | ১৭.০৭ |
| চলতি হিসাবের ভারসাম্য (বি.ড.) | ৫৭.৯৯ |
| **ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান** | |
| মোট ব্যাংক | ৬১ |
| রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংক | ৬ |
| বিশেষায়িত ব্যাংক | ৩ |
| বেসরকারি বাণিজ্যিক ব্যাংক | ৪৩ |
| বিদেশি বাণিজ্যিক ব্যাংক | ৯ |
| ব্যাংক বহির্ভূত আর্থিক প্রতিষ্ঠান | ৩৫ |

📌আপডেট: বর্তমানে দেশে তফসিলী ব্যাংকের সংখ্যা ৬২টি
→ সর্বশেষ: নগদ ডিজিটাল ব্যাংক পিএলসি

## খাতভিত্তিক অবদান ও প্রবৃদ্ধির হার [***]

| খাত | অবদানের হার | | | প্রবৃদ্ধির হার | | |
|---|---|---|---|---|---|---|
| | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| কৃষি | ১১.৩০% | ১১.১৯% | ১২.৭২% | ৩.৩৭% | ৩.৩০% | ৩.০১% |
| শিল্প | ৩৭.৬৫ % | ৩৭.৩৭% | ৩৫.১৪% | ৮.৩৭% | ৩.৫১% | ৪.১০% |
| সেবা | ৫১.০৫% | ৫১.৪৪% | ৫২.১৫% | ৫.৩৭% | ৫.০৯% | ২.৯৬% |

সূত্র: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

## পঞ্চবার্ষিকী পরিকল্পনা

- বাংলাদেশে মোট পঞ্চবার্ষিকী পরিকল্পনা গৃহীত হয়েছে– ৮টি
- ৮টি পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে বাস্তবায়িত হয়– ৭টি
- বর্তমানে বাস্তবায়নাধীন আছে– ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা
- এ পর্যন্ত বাংলাদেশে প্রেক্ষিত পরিকল্পনা (Perspective Plan) গৃহীত হয়েছে– ২টি
- প্রথম প্রেক্ষিত পরিকল্পনার সময়কাল– ২০১০-২০২১ এবং দ্বিতীয়টির সময়কাল– ২০২১-২০৪১
- দ্বিতীয় প্রেক্ষিত পরিকল্পনা বাস্তবায়নের জন্য গৃহীত চারটি পঞ্চবার্ষিক পরিকল্পনার প্রথমটি হলো– অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা
- দ্বিতীয় প্রেক্ষিত পরিকল্পনা (২০২১-২০৪১) বাস্তবায়নের মাধ্যমে বাংলাদেশ উচ্চ-মধ্যম আয়ের দেশে পরিণত হবে– ২০৩১ সালের মধ্যে
- বাংলাদেশ উন্নত বা উচ্চ আয়ের দেশে পরিণত হবে– ২০৪১ সালের মধ্যে
- ভিশন ২০৪১ গঠিত হয়েছে– চারটি মূল স্তম্ভের উপর ভিত্তি করে (সুশাসন, গণতন্ত্রায়ন, বিকেন্দ্রীকরণ ও সক্ষমতা বৃদ্ধি)

## চতুর্থ অর্থনৈতিক শুমারি ২০২৪

- **শুমারিকাল:** ১০-২৬ ডিসেম্বর ২০২৪
- **আয়োজন:** চতুর্থ (ক্যাপিং পদ্ধতিতে)
- **স্লোগান:** অর্থনৈতিক শুমারিতে তথ্য দিন, নতুন বাংলাদেশ বিনির্মাণে অংশ নিন
- **তথ্য সংগ্রহকারী:** ৯৫ হাজার
- **ইউনিট চিহ্নিত:** ১ কোটি ২২ লাখ
- **শুমারি পরিচালনা:** বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

*[সূত্র: বিবিএস; প্রকাশকাল: ১১ ফেব্রুয়ারি ২০২৫]*

> **অর্থনৈতিক শুমারি** অনুষ্ঠিত হয় ১০ বছর অন্তর। প্রথম অর্থনৈতিক শুমারি অনুষ্ঠিত হয় ১৯৮৬ সালে।

## ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা

| | |
|---|---|
| সময়কাল | জুলাই ২০২০-জুন ২০২৫ |
| জিডিপি প্রবৃদ্ধির লক্ষ্যমাত্রা | ৮.৫১% |
| মাথাপিছু আয়ের লক্ষ্য | ৩১০৬ মার্কিন ডলার |
| কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্য | ১ কোটি ১৩ লাখ |
| কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্য | ১ কোটি ১৩ লাখ |
| গড় জিডিপি প্রবৃদ্ধির লক্ষ্য | ৮.৫১% |
| মাথাপিছু আয়ের লক্ষ্য | ৩১০৬ মার্কিন ডলার |
| বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যমাত্রা | ৩০,০০০ মেগাওয়াট |

## নতুন মুদ্রানীতি (জুলাই-ডিসেম্বর, ২০২৫) [***]

- **ধরন:** সংকোচনমূলক মুদ্রানীতি (Contractionary Monetary Policy)
- **রেপো রেট (নীতি সুদহার):** ১০% (অপরিবর্তিত)
- **ব্যাংক রেট:** ৪%
- **এসএলএফ (স্ট্যান্ডিং লেন্ডিং ফ্যাসিলিটি):** ১১.৫০%
- **এসডিএফ (স্ট্যান্ডিং ডিপোজিট ফ্যাসিলিটি):** ৮.০০%

**ঋণ প্রবৃদ্ধির লক্ষ্যমাত্রা:**
- **বেসরকারি খাতে ঋণ প্রবৃদ্ধি:** ৭.২% (ডিসেম্বর ২৫) এবং ৮.০% (জুন ২০২৬)
- **সরকারি খাতে ঋণ প্রবৃদ্ধি:** ১৮.১০%

**নতুন লক্ষ্যমাত্রা:**
- **জিডিপি প্রবৃদ্ধি:** ৫.৫%
- **গড় মূল্যস্ফীতি:** ৬.৫%
- **মুদ্রা সরবরাহের লক্ষ্যমাত্রা (M2):** ৮.৫%

**নতুন মুদ্রানীতির বিশেষ বৈশিষ্ট্য:**
- প্রধান লক্ষ্য হলো মূল্যস্ফীতিকে ৩-৫ শতাংশের মধ্যে নামিয়ে আনা (গত জুনে মূল্যস্ফীতি ছিল ৮.৪৮%)।
- মূল্যস্ফীতি নিয়ন্ত্রণকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে প্রধান নীতি সুদহার (রেপো রেট) অপরিবর্তিত রাখা হয়েছে।
- মূল্যস্ফীতি ৭% এর নিচে নামলেই কেবল নীতি সুদহার কমানোর বিষয়টি বিবেচনা করা হবে।

**তথ্যকণিকা:** বাংলাদেশ ব্যাংক বছরে ২ বার মুদ্রানীতি ঘোষণা করে (৬ মাস পরপর)।

## বৈদেশিক মুদ্রার রিজার্ভ [***]

- বর্তমানে বাংলাদেশ ব্যাংকের রিজার্ভের পরিমাণ– ৩১.৫০ বিলিয়ন ডলার (আইএমএফের BPM-6 পদ্ধতিতে ২৬.৬২ বিলিয়ন ডলার) *[আপডেট: ৭ অক্টোবর ২০২৫ পর্যন্ত]*
- দক্ষিণ এশিয়ায় বৈদেশিক মুদ্রার রিজার্ভে বাংলাদেশের অবস্থান– দ্বিতীয় (প্রথম: ভারত)
- বাংলাদেশে রিজার্ভ জমা থাকে– বাংলাদেশ ব্যাংকে
- রিজার্ভ থেকে প্রথম বৈদেশিক ঋণ দেয়া হয়– শ্রীলংকাকে, ২৫ কোটি ডলার (কারেন্সি সোয়াপের মাধ্যমে)
- রিজার্ভ থেকে দেশীয় প্রকল্পে প্রথম ঋণ দেয়া হয়– বাংলাদেশ অবকাঠামোগত উন্নয়ন তহবিল (BIDF) গঠনে, ৫৫০০ কোটি টাকা (২০২১ সালে)
- বর্তমানে বাংলাদেশ ব্যাংক রিজার্ভ হিসেবে রাখে– স্বর্ণ, রূপা ও মার্কিন ডলার
- বর্তমানে বাংলাদেশ ব্যাংকের ভল্টে রাখা স্বর্ণের পরিমাণ– ৪১০ কোটি টাকা এবং রূপার পরিমাণ– ৮ কোটি টাকা [সূত্র: বাংলাদেশ ব্যাংক, ৩০ জুলাই ২০২৫]
- বৈদেশিক মুদ্রার রিজার্ভে সোনা সংরক্ষণ করা হয়– অর্থনৈতিক অনিশ্চয়তা এবং মুদ্রাস্ফীতির বিরুদ্ধে হেজ হিসেবে
- বাংলাদেশ ব্যাংক রিজার্ভের একটি অংশ জমা রাখে– যুক্তরাষ্ট্রের ফেডারেল রিজার্ভ ব্যাংকে
- বর্তমানে যে পদ্ধতিতে বাংলাদেশ ব্যাংক রিজার্ভ গণনা/হিসাব করে– BPM-6 (IMF-এর শর্ত অনুযায়ী)

- BPM-6 এর পূর্ণরূপ– Balance of Payments and International Investment Position Manual
- বৈদেশিক মুদ্রার রিজার্ভ এবং অন্যান্য অর্থনৈতিক ডেটা হিসাব করার মানসম্মত পদ্ধতি– BPM-6
- গ্রস রিজার্ভ বা মোট রিজার্ভ– আইএমএফের ব্যালেন্স অফ পেমেন্টস এবং ইনভেস্টমেন্ট পজিশন ম্যানুয়াল (বিপিএম-৬) অনুযায়ী এটি হলো রিজার্ভ সম্পদের পরিমাণ [বিশ্বের বিভিন্ন দেশের কেন্দ্রীয় ব্যাংকগুলো এটি অনুসরণ করে]
- রিজার্ভ সম্পদের মধ্যে থাকবে– স্বর্ণ, নগদ মার্কিন ডলার, বন্ড ও ট্রেজারি বিল, ঋণমুক্ত থাকা সাপেক্ষে আইএমএফের রিজার্ভ অবস্থান, আন্তর্জাতিক রিজার্ভ সম্পদ, আইএমএফের হিসাবে যা আন্তর্জাতিক মুদ্রায় পরিবর্তন করা যায় এবং আরও কিছু বিষয়

## সর্বজনীন পেনশন স্কিম

- 'সর্বজনীন পেনশন ব্যবস্থাপনা বিল ২০২৩' পাস হয়– ২৪ জানুয়ারি, ২০২৩
- মহামান্য রাষ্ট্রপতি বিলে স্বাক্ষর করেন– ৩১ জানুয়ারি ২০২৩
- জাতীয় পেনশন কর্তৃপক্ষ প্রতিষ্ঠিত হয়– ২ এপ্রিল ২০২৩
- জাতীয় পেনশন কর্তৃপক্ষ গঠিত– ১ জন নির্বাহী চেয়ারম্যান ও ৪ জন সদস্য সমন্বয়ে
- জাতীয় পেনশন কর্তৃপক্ষের প্রথম নির্বাহী চেয়ারম্যান– কবিরুল ইজদানী খান
- সর্বজনীন পেনশন স্কিম উদ্বোধন হয়– ১৭ আগস্ট ২০২৩
- সর্বজনীন পেনশনে অংশ নিতে পারবে– ১৮ থেকে ৫০ বছর বয়সী বাংলাদেশী নাগরিক
- সর্বজনীন পেনশন পেতে প্রিমিয়াম দিতে হবে– ১০ বছর
- যারা পেনশন কর্মসূচীতে অংশ নেবেন, তারা আজীবন পেনশন সুবিধা পাবেন– ৬০ বছর পরে
- সর্বজনীন পেনশনের টাকা– করমুক্ত
- সর্বজনীন পেনশন ব্যবস্থায় মোট স্কিম রয়েছে– ৪টি (প্রবাস, প্রগতি, সুরক্ষা ও সমতা)
- 'প্রত্যয়' স্কিম বাতিল করা হয়– ৩ আগস্ট ২০২৪
- বর্তমানে সর্বজনীন পেনশন স্কিমে নিবন্ধনসহ মাসিক জমা আদায়ে সম্পৃক্ত আছে– ৪টি ব্যাংক
- পেনশন ব্যবস্থা ও বাস্তবায়ন সংস্থা– NPA
- অনলাইনে নিবন্ধনের জন্য অ্যাপস– Upension

## শ্বেতপত্র প্রণয়ন কমিটি [*]

- **কমিটির আনুষ্ঠানিক নাম:** বাংলাদেশের বিদ্যমান অর্থনৈতিক অবস্থার শ্বেতপত্র প্রণয়ন কমিটি
- **কমিটি গঠিত হয়:** ২৮ আগস্ট ২০২৪
- **কমিটির প্রধান:** দেবপ্রিয় ভট্টাচার্য
- **মোট সদস্য:** ১২ জন
- **কমিটির কাজ:** ৫ আগস্ট ২০২৪ শেখ হাসিনা সরকারের পতনের পর বাংলাদেশের বিদ্যমান অর্থনীতির সামগ্রিক ও প্রকৃত চিত্র তুলে ধরে একটি শ্বেতপত্র (White Paper) প্রণয়ন করা এবং অর্থনীতির সংস্কারের জন্য সুনির্দিষ্ট সুপারিশমালা তৈরি করে অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টার কাছে হস্তান্তর করা।
- **কমিটি প্রধান উপদেষ্টার কাছে চূড়ান্ত প্রতিবেদন জমা দেয়:** ১ ডিসেম্বর ২০২৪
- **প্রতিবেদনের শিরোনাম:** 'বাংলাদেশের অর্থনীতির শ্বেতপত্র: একটি উন্নয়ন আখ্যানের ব্যবচ্ছেদ' (পৃষ্ঠা সংখ্যা ৪০০)
- **শ্বেতপত্রে বলা হয়েছে:** গত ১৫ বছরে বাংলাদেশ থেকে ২৮টি উপায়ে দুর্নীতির মাধ্যমে ২৩৪ বিলিয়ন মার্কিন ডলার অবৈধভাবে পাচার হয়েছে।
- **শ্বেতপত্রে আলোকপাত করা ৬টি বিষয়:** সরকারি আর্থিক ব্যবস্থাপনা, মূল্যস্ফীতি ও খাদ্য ব্যবস্থাপনা, বাহ্যিক ভারসাম্য, জ্বালানি ও বিদ্যুৎ, বেসরকারি বিনিয়োগ ও কর্মসংস্থান

## জাতীয় বেতন কমিশন [**]

- **গঠনের তারিখ:** ২৭ জুলাই ২০২৫
- **সদস্য সংখ্যা:** ২৩ জন
- **প্রধান:** জাকির আহমেদ খান
- **কমিশনের উদ্দেশ্য:** সরকারি ও স্বায়ত্তশাসিত কর্মকর্তা-কর্মচারীদের জন্য নতুন বেতনকাঠামো নির্ধারণ
- **কমিশন গঠিত হয়েছে যে আইনে:** সরকারি চাকরি আইন ২০১৮-এর ধারা ১৫ অনুযায়ী
- **বর্তমানে সরকারি কর্মকর্তা-কর্মচারীর সংখ্যা:** প্রায় ১৫ লাখ

## দারিদ্র্য বিমোচন [**]

- বর্তমানে দেশে দারিদ্র্যের হার– ১৮.৭%
- বর্তমানে দেশে অতি দারিদ্র্যের হার– ৫.৬%
- PRSP-এর পূর্ণরূপ– Poverty Reduction Strategy Papers (দারিদ্র্য বিমোচন কৌশলপত্র)
- বাংলাদেশ প্রথম প্রণয়ন করে– ২০০৫ সালে
- বাংলাদেশ প্রণয়ন করে– ২০০৯ সালে
- বাংলাদেশ অন্তর্বর্তীকালীন দারিদ্র্য বিমোচন কৌশলপত্র গ্রহণ করে– ২০০৩-২০০৫ সাল পর্যন্ত
- বাংলাদেশ পল্লী উন্নয়ন প্রশিক্ষণ ইনস্টিটিউট– সিলেটে
- বর্তমানে দেশে পল্লী উন্নয়ন একাডেমি রয়েছে– ৫টি। যথা: বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি-BARD (কুমিল্লা), পল্লী উন্নয়ন একাডেমি-RDA (বগুড়া), পল্লী উন্নয়ন একাডেমি (রংপুর), পল্লী উন্নয়ন একাডেমি (রংপুর) এবং পল্লী উন্নয়ন একাডেমি (জামালপুর)।

## জাতীয় বহুমাত্রিক দারিদ্র্য সূচক ২০২৫ [**]

- **প্রকাশকাল:** ৩১ জুলাই ২০২৫
- **প্রকাশক:** পরিকল্পনা কমিশনের আওতাধীন সাধারণ অর্থনীতি বিভাগ (GED)
- **সূচক:** ১১টি

| বহুমাত্রিক দারিদ্র্যে...... | |
|---|---|
| শীর্ষ বিভাগ | সিলেট |
| সর্বনিম্ন বিভাগ | খুলনা |
| শীর্ষ জেলা | বান্দরবান |
| সর্বনিম্ন জেলা | ঝিনাইদহ |

| বহুমাত্রিক দারিদ্র্য: ৩ কোটি ৯৮ লাখ (২৪.৫%) | |
|---|---|
| বহুমাত্রিক দারিদ্র্য হার | ২৪.৫% |
| গ্রামীণ বহুমাত্রিক দারিদ্র্য | ২৬.৯৬% |
| শহুরে বহুমাত্রিক দারিদ্র্য | ১৩.৪৮% |

## বৈশ্বিক বহুমাত্রিক দারিদ্র্য সূচক ২০২৪

- **প্রকাশক:** UNDP এবং Oxford Poverty and Human Development Initiative

**প্রতিবেদন অনুযায়ী:**

- বাংলাদেশে অতিদারিদ্র্যের সংখ্যা 4 কোটি ১৭ লাখ, যার মধ্যে ৬.৫% মানুষ গুরুতর দারিদ্র্যের মধ্যে।
- ২০২২ সালের খানা আয় ও ব্যয় জরিপ (বিবিএস) অনুযায়ী:
  **অতিদারিদ্র্যের হার:** ৫.৬%
  **মোট দারিদ্র্যের হার:** ১৯.২% (৩ কোটি ১৭ লাখ ৫৭ হাজার)
- বিশ্বে চরম দারিদ্র্যে থাকা দেশের অবস্থান:
  ১. ভারত: ২৩ কোটি ৪০ লাখ
  ২. পাকিস্তান: ৯ কোটি ৩০ লাখ
  ৩. ইথিওপিয়া: ৮ কোটি ৬০ লাখ
- বিশ্বের মোট প্রাপ্তবয়স্কদের মধ্যে চরম দারিদ্র্যের হার: ১৩.৫%
- বাংলাদেশে দারিদ্র্যের মূল কারণ:
  ১. জীবনযাত্রার মান: ৪৫.১%
  ২. শিক্ষা: ৩৭.৬%
  ৩. স্বাস্থ্য: ১৭.৩%

## সামাজিক নিরাপত্তা খাত [**]

- বর্তমানে সামাজিক নিরাপত্তা খাতে বরাদ্দের পরিমাণ– ৯১,৭০০ কোটি টাকা [সূত্র: জাতীয় বাজেট ২০২৫-২৬]
- বাংলাদেশে বয়স্ক ভাতা কর্মসূচি চালু হয়– ১৯৯৭-৯৮ অর্থবছর থেকে
- মুক্তিযোদ্ধা সম্মানী ভাতার কার্যক্রম শুরু হয়– ১৯৯৬ সালে (৩০০ টাকা) এবং বর্তমানে মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা ২০,০০০ টাকা

**বিভিন্ন ভাতার পরিমাণ**

| ক্ষেত্র | ২০২৪-২৫ | ২০২৫-২৬ |
|---|---|---|
| বয়স্কভাতা | ৬০০ টাকা | ৬৫০ টাকা |
| বিধবা ও স্বামী নিগৃহীতা | ৫৫০ টাকা | ৬৫০ টাকা |
| প্রতিবন্ধী ব্যক্তি | ৮৫০ টাকা | ৯০০ টাকা |
| মা ও শিশু সহায়তা | ৮০০ টাকা | ৮৫০ টাকা |
| অনগ্রসর জনগোষ্ঠী | ৬০০ টাকা | ৬৫০ টাকা |

- বাংলাদেশে উল্লেখযোগ্য খাদ্য সহায়তা কর্মসূচি– কাবিখা, কাবিটা, OMS কর্মসূচি, GR কর্মসূচি, TR কর্মসূচি

## বাংলাদেশ ডেভোলপমেন্ট আপডেট ২০২৫ [**]

৭ অক্টোবর ২০২৫ 'বাংলাদেশ ডেভেলপমেন্ট আপডেট' শীর্ষক প্রতিবেদন প্রকাশ করে বিশ্বব্যাংক। এ প্রতিবেদন অনুযায়ী দারিদ্র্য পরিস্থিতি ও শ্রমবাজারের অবস্থা নিচে আলোচনা করা হলো।

**দারিদ্র্যের হার**

- ২০২৫ সালে দারিদ্র্যের হার বেড়ে ২১.২% হবে (২০২৪ সালের তুলনায় ০.৭% বেশি); এটি কোভিড-পরবর্তী চার বছরের মধ্যে সর্বোচ্চ দারিদ্র্যের হার।
- ২০২৪ সালে দারিদ্র্য ছিল ২০.৫%, ২০২৩ সালে ১৯.২% এবং ২০২২ সালে ১৮.৭%।

**শ্রমবাজারের অবস্থা**

- শ্রমশক্তিতে অংশগ্রহণের হার ৬০.৯% থেকে ৫৮.৯% এ নেমেছে (২০২৩-২০২৪)।
- প্রায় ৩০ লাখ মানুষ কর্মহীন হয়েছেন, এর মধ্যে ২৪ লাখ নারী।
- কর্মসংস্থান-জনসংখ্যা অনুপাত ২.১ শতাংশ পয়েন্ট কমে ৫৬.৭% হয়েছে।

**দারিদ্র্য বৃদ্ধি, কর্মসংস্থানের সংকটের কারণসমূহ**

- উচ্চ মূল্যস্ফীতি ও প্রকৃত মজুরি হ্রাস পরিবারগুলোকে চাপে ফেলেছে।
- ২০২৫ অর্থবছরে স্বল্প আয়ের শ্রমিকদের প্রকৃত মজুরি ২% কমেছে।
- বিনিয়োগ ও কর্মসংস্থান বৃদ্ধির অভাবও দারিদ্র্য বৃদ্ধির অন্যতম কারণ।

**ভবিষ্যৎ পূর্বাভাস**

প্রয়োজনীয় অর্থনৈতিক সংস্কার বাস্তবায়ন হলে-

- ২০২৬ সালে দারিদ্র্য হার ১৯.১% এবং ২০২৭ সালে ১৮.১%-এ নেমে আসবে।
- ২০২৫-২৬ অর্থবছরে জিডিপি প্রবৃদ্ধি ৪.৮% হবে বলে পূর্বাভাস (২০২৬-২৭ অর্থবছরে জিডিপি প্রবৃদ্ধি বেড়ে হবে ৬.৭%)।

**অর্থনৈতিক পুনরুদ্ধারের মূল শর্ত**

- পরিকল্পিত অর্থনৈতিক সংস্কার কার্যকর বাস্তবায়ন।
- ব্যাংক খাত পুনর্গঠন ও স্থিতিশীলতা অর্জন।
- দেশীয় ও বৈদেশিক পরিবেশ অনুকূল রাখা।

## বাংলাদেশের দারিদ্র্য মানচিত্র ২০২২

| ক্যাটাগরি | দারিদ্র্যের হারে শীর্ষ | শতকরা | দারিদ্র্যের হারে সর্বনিম্ন | শতকরা |
|---|---|---|---|---|
| বিভাগ | বরিশাল | ২৬.৬% | চট্টগ্রাম | ১৫.২% |
| জেলা | মাদারীপুর | ৫৪.৪% | নোয়াখালী | ৬.১% |
| উপজেলা | ডাসার, মাদারীপুর | ৬৩.২% | বেগমগঞ্জ, নোয়াখালী | ২.৫% |
| থানা | .... | .... | পল্টন, ঢাকা | ১% |

## সামগ্রিক দারিদ্র্যের হার

| জাতীয় | ঢাকা জেলা | গ্রামাঞ্চলে | শহরাঞ্চলে |
|---|---|---|---|
| ১৯.২ শতাংশ | ১৯.৬ শতাংশ | ২০.৩ শতাংশ | ১৬.৫ শতাংশ |

প্রকাশক: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস); ৩০ জানুয়ারি ২০২৫

## Written Questions

1. **What is Budget?**
**Ans:** A budget is a projection of the potential income and expenditure of a country for a specific year.
2. **What is Subsidy?**
**Ans:** One type of financial assistance or incentive.
3. **Which budget does ADP belong to?**
**Ans:** Development budget.
4. **For how many years is the ADP announced?**
**Ans:** One year (1 July – 30 June).
5. **Which UN agency assists BBS in setting standards for statistical methodology?**
Ans: UNSD (United Nations Statistics Division)
6. **What is the final GDP growth rate for the fiscal year 2024–25?**
Ans: 3.69%
7. **What is the GDP growth target set in the budget for the fiscal year 2025–26?**
Ans: 5.5%
8. **According to Bangladesh Bank, what was the total remittance received in the fiscal year 2024–25 (in USD)?**
Ans: USD 30.33 billion
9. **In the fiscal year 2025–26, what percentage of GDP is the budget deficit estimated to be?**
Ans: 3.6%
10. **What is the average inflation rate in Bangladesh for the FY 2024–25?**
Ans: 10.03%
11. **What is the provisional growth rate (সাময়িক প্রবৃদ্ধির হার) of the industrial sector in the GDP for the FY 2024-25?**
Ans: 4.10%

Follow : "Banking Career Club" Page

## Multiple Choice Questions

1. **Who is the president of the 'Executive Committee of the National Economic Council' of Bangladesh?** [Combined 5 Banks Officer (General) 2022]
ⓐ President ⓑ Prime Minister
ⓒ Minister of Finance
ⓓ Governor of Bangladesh Bank **ⓑ**
**নোট:** বর্তমানে ECNEC-এর সভাপতি হলেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস।
2. **Which of the following is the highest authority for approving the economic policies and development plans in Bangladesh?** [PGCL Assistant Officer (Administration) 2021]
ⓐ Planning Commission ⓑ Ministry of Finance
ⓒ Ministry of Planning ⓓ ECNEC **ⓓ**
3. **The first five-year plan of Bangladesh was launched in-** [Pubali Bank Ltd. Senior Officer 2012]

ⓐ July 1973 ⓑ July 1978
ⓒ July 1980 ⓓ July 1972 ⓐ

4. **The 8th five-year plan (2021-2025) has recently been approved with targets to attain.......GDP growth.** [Combined 7 Banks Senior Officer 2021]
ⓐ 8.1% ⓑ 8.25%
ⓒ 8.51% ⓓ 8.75% ⓒ

5. **When did the national board of revenue establish?** [Khulna University (Social Science) 2016-17]
ⓐ 1952 ⓑ 1962
ⓒ 1972 ⓓ 1982 ⓒ

6. **Which is not a wing of the National Board of Revenue (NBR)?** [Trust Bank Ltd. Officer 2009]
ⓐ Customs ⓑ Income Tax
ⓒ Value Added Tax ⓓ Banking ⓓ

7. **Total allocation for Annual Development Program (ADP) in the Bangladesh National Budget 2025-26 is close to Tk. ...... crore.** [Agrani Bank Ltd Officer 2008]
ⓐ 2,30,000 ⓑ 2,25,000
ⓒ 3,00,000 ⓓ 3,55,000 ⓐ

8. **What is the expected GDP growth rate for current fiscal year (2025-26) as stipulated in the Budget?** [Bangladesh Bank AD 2011]
ⓐ 7% ⓑ 5.5%
ⓒ 8% ⓓ 9% ⓑ

9. **Revenue target in the proposed budget (FY2025-26) is ......crore taka.** [First Security Islami Bank Ltd Probationary Officer 2014]
ⓐ 5,64,000 ⓑ 4,30,000
ⓒ 2,05,037 ⓓ 4,29,361 ⓐ

10. **Total amount of the budget of Bangladesh for FY 2025-26 is ______ crore.** [Bangladesh Krishi Bank Officer 2017]
ⓐ Taka 7,90,000 ⓑ Taka 400,266
ⓒ Taka 466,622 ⓓ Taka 436,326 ⓐ

11. **Budget deficit (% of GDP) stands at FY 2025-26 of Bangladesh is -** [Bangladesh Bank Assistant Director (General) 2018]
ⓐ 3.9 ⓑ 4.9
ⓒ 3.6 ⓓ 6.3 ⓒ

12. **According to the proposed National Budget 2025-2026, ____ of total revenue will come from VAT.** [One Bank Ltd Special Cadre Officer (SCO) 2018]
ⓐ 32.5% ⓑ 37.5
ⓒ 36.9% ⓓ None of these ⓒ

13. **In 2025-26 Budget of Bangladesh, forecast of private investment is -** [Bangladesh Bank Assistant Director (General) 2018]
ⓐ 24.3% of GDP ⓑ 15.25% of GDP
ⓒ 20.45% of GDP ⓓ 20.15%of GDP ⓐ

14. **According to the proposed national budget for FY 2025-26, what is the minimum level of taxable income for a tax payer in general?** [Bangladesh Bank Assistant Director 2011]
ⓐ TK. 250,000 ⓑ TK. 360,000
ⓒ TK. 465,000 ⓓ TK. 350,000 ⓓ

15. **Bangladesh National Budget for Fiscal Year 2024-25 was proposed in the parliament on -** [Exim Bank Ltd Officer 2014]
ⓐ June 03, 2024 ⓑ June 04, 2024
ⓒ June 6, 2024 ⓓ June 06, 2024 ⓒ

16. **The highest allocation for the 2025-26 budget is in :** [Southeast Bank Ltd Officer 2005]
ⓐ Education ⓑ Transport & Communication
ⓒ Defense ⓓ Housing ⓑ

17. **Which Ministry has the responsibility of price controls in Bangladesh?** [Bangladesh Bank Officer 2001]
ⓐ Commerce ⓑ Planning
ⓒ Finance ⓓ LRRD ⓐ

18. **What types of tax the VAT is?**
ⓐ Direct tax ⓑ Indirect tax
ⓒ Income tax ⓓ Excise taxes ⓑ

19. **Which one is not direct tax?** [Basic Bank Auditor 2018]
ⓐ Income tax ⓑ Wealth tax
ⓒ VAT ⓓ All of these ⓒ

20. **____ is an example of sin tax.** [Bangladesh Krishi Bank Officer 2017]
ⓐ Value added Tax ⓑ Customs Duty
ⓒ Sales Tax ⓓ Excise Duty ⓓ

21. **Which is the example of Direct Tax?**
ⓐ Custom Duty ⓑ Value Added Tax
ⓒ Income Tax ⓓ Sales Tax ⓒ

22. **A 'tax return' is a statement of :** [City Bank Ltd Officer 2001]
ⓐ Earnings and expenses ⓑ Assets

ⓒ Wealth ⓓ None ⓐ

**23. Sources of Govt. revenue in Bangladesh include:** [Bangladesh Bank Assistant Director 2001]
ⓐ VAT ⓑ Income tax
ⓒ Custom duty ⓓ All of these ⓓ

**24. Which Government agency is responsible for collecting taxes in Bangladesh?** [Bangladesh Bank Assistant Director 2009]
ⓐ Ministry of Finance ⓑ Ministry of Commerce
ⓒ Bangladesh Bank ⓓ Planning Commission ⓐ

**25. What is the rate of Value Added Tax (VAT) applicable in Bangladesh?**
ⓐ 5% ⓑ 10%
ⓒ 15% ⓓ 11% ⓒ

**26. The highest source of income of the Government of Bangladesh is from -** [Dutch-Bangla Bank Ltd Officer 2004]
ⓐ Income Tax ⓑ Excise Duty
ⓒ Land Tax ⓓ VAT ⓓ

**27. In Bangladesh, Value Added Tax (VAT) was introduced in:** [Southeast Bank Ltd Probationary Officer 2011]
ⓐ 1st July, 1991 ⓑ 1st July, 1993
ⓒ 1st July, 1995 ⓓ 1st July, 1996 ⓐ

**28. Who is the chairman of NBR?** [Exim Bank Ltd. Officer 2009]
ⓐ Abdul Majid ⓑ Khairuzzaman
ⓒ Badiul Islam
ⓓ Abu Hena Md. Rahmatul Muneem ⓓ

**29. Which is not a Wing of the National Board of Revenue (NBR)?** [Trust Bank Ltd Officer 2009]
ⓐ Customs ⓑ Income Tax
ⓒ Value Added Tax ⓓ Banking ⓓ

**30. Which is the National Tax Day in Bangladesh?**
ⓐ 30 October ⓑ 14 September
ⓒ 12 September ⓓ 20 September ⓐ

**31. Which is not a source of government revenue?** [Trust Bank Ltd. Officer 2009]
ⓐ Value added tax ⓑ Customs duty
ⓒ Foreign remittance ⓓ Income tax ⓒ

**32. Which organization is the central authority for tax administration in Bangladesh?**
ⓐ National Board of Revenue
ⓑ Ministry of Commerce
ⓒ Bangladesh of Bank
ⓓ Securities & Exchange ⓐ

**33. Government Fiscal Policy relates to -** [Pubali Bank Ltd Junior Officer (Cash) 2013]
ⓐ Tax-Expenditure ⓑ Money supply
ⓒ Export-Import ⓓ Financial Institutions ⓐ

**34. Which of the following is source of government revenue?** [EXIM Bank Ltd. Assistant Officer 2010]
ⓐ VAT ⓑ Income Tax
ⓒ Custom Duty ⓓ All of these ⓓ